অষ্টম অধ্যায়

রসায়ন ও শক্তি

Chemistry and Energy

LECTURE SHEET

◘ জেনে রাখ :

- কোনো যৌগে মৌলসমূহ তাদের মধ্যে পারস্পরিক শক্তি দ্বারা যুক্ত থাকে। মৌলসমূহের একে অপরের সাথে যুক্ত হওয়ার আসক্তিই হলো রাসায়নিক বন্ধন।
- কোনো পদার্থের অণু বা আয়নসমূহ একে অপরের সাথে আন্তঃআণবিক শক্তি দ্বারা আবদ্ধ থাকে। পদার্থের অবস্থা ভেদে আন্তঃআণবিক শক্তি ভিন্নতর হয়। কোনো দ্রবের অণু বা আয়নসমূহের মধ্যে আন্তঃআণবিক শক্তি বেশি হলে–কঠিন, কম হলে–তরল এবং আরও কম হলে–বায়বীয় অবস্থার সৃষ্টি হয়।
- তাপের পরিবর্তনের ভিত্তিতে রাসায়নিক বিক্রিয়া দুই প্রকার। যথা : তাপ উৎপাদী ও তাপহারী বিক্রিয়া।
- যে রাসায়নিক বিক্রিয়ায় তাপ উৎপন্ন হয় তাকে তাপ উৎপাদী বিক্রিয়া বলে। আর, যে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হওয়ার জন্য তাপের শোষণ ঘটে, তাকে তাপহারী বিক্রিয়া বলে।
- কার্বনের বিভিন্ন যৌগ দহন করলে বা চুন পানিতে দিলে তাপ উৎপন্ন হয়। এগুলো তাপ উৎপাদী বিক্রিয়া।
- খাবার সোডা ও লেবুর রস বা ভিনেগারের বিক্রিয়ার সময় তাপের শোষণ ঘটে। এগুলো তাপহারী বিক্রিয়া।
- তাপ উৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে বিক্রিয়কের মোট শক্তি (E_1) উৎপাদের মোট শক্তি (E_2) অপেক্ষা বেশি হয়, অর্থাৎ $E_1 > E_2$। তাপহারী বিক্রিয়ার শক্তি তাপ উৎপাদী বিক্রিয়ার উল্টো। অর্থাৎ $E_1 < E_2$।
- বিক্রিয়ার তাপের পরিবর্তন = পুরাতন বন্ধন ভাঙার জন্য প্রয়োজনীয় মোট শক্তি–নতুন বন্ধন গঠিত হওয়ার জন্য নির্গত মোট শক্তি। তাপের পরিবর্তন ঋণাত্মক হলে বিক্রিয়া তাপউৎপাদী এবং ধনাত্মক হলে বিক্রিয়া তাপহারী।

কোনো রাসায়নিক বিক্রিয়ায় পরিবর্তিত তাপকে বিক্রিয়া তাপ বলে। আর এক মোল পরিমাণ পদার্থকে দহন করলে যে তাপের উৎপন্ন হয় তাকে দহন তাপ বলে।

◘ জেনে রাখ :

- কোনো জ্বালানি পোড়ালে তাপ ও আলোর সৃষ্টি হয় যা তড়িৎ চুম্বকীয় রশ্মি হিসেবে চারদিকে ছড়িয়ে পড়ে।
- জ্বালানি দহনের সময় উৎপন্ন পদার্থের শক্তি জ্বালানির মধ্যে থাকা স্থিত শক্তির তুলনায় কম হওয়ায় অতিরিক্ত শক্তি তড়িৎ চুম্বকীয় রশ্মি হিসেবে চারদিকে ছড়িয়ে পড়ে যা আমরা আলো ও তাপ হিসেবে পাই।
- দহন হলো কোনো পদার্থের অণুকে অক্সিজেন দ্বারা জারিত করা। এতে অক্সিজেনযুক্ত নতুন পদার্থের সৃষ্টি হয়।
- জ্বালানি পোড়ানোর ফলে উদ্‌ভূত তাপশক্তিকে ব্যবহার করে তাপ ইঞ্জিনের টারবাইন (চাকা) ঘুরিয়ে বিদ্যুৎশক্তিতে রূপান্তর করা হয়।
- হাইড্রোজেন ফুয়েল সেল এক ধরনের তড়িৎ বিশ্লেষ্য কোষ। এতে হাইড্রোজেনকে না পুড়িয়ে তড়িৎ বিশ্লেষণ বিক্রিয়ার সাহায্যে সরাসরি বিদ্যুৎ উৎপাদন করা হয়।

বিভিন্ন ধরনের গ্যালভানিক কোষে যেমন : ড্যানিয়াল কোষ, ড্রাই সেল ও লেড স্টোরেজ ব্যাটারি রাসায়নিক শক্তিকে বিদ্যুৎশক্তিতে রূপান্তর করে।

◘ জেনে রাখ

- জ্বালানি পোড়ালে তাপ উৎপন্ন হয়। এ তাপ একপ্রকার শক্তি। এ শক্তিকে বিভিন্ন কাজে লাগানো হয়।
- এই তাপশক্তিকে সরাসরি ব্যবহার করে মাটির তৈজসপত্র উৎপাদন করা হয়। কলকারখানায় কাঁচামাল গলাতে লৌহ–ইস্পাত, সিরামিকস ইত্যাদি কারখানায় এই তাপশক্তি ব্যবহার করা হয়।
- বিভিন্ন খনিজ জ্বালানি (fossil fuel) যেমন–কয়লা, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসকে পুড়িয়ে ইঞ্জিন চালিত যানবাহন চালানো হয়।
- পেট্রোলিয়াম পুড়িয়ে স্যালো ইঞ্জিনের চাকা ঘুরিয়ে ভূগর্ভস্থ পানি উত্তোলন করা হয়।
- আধুনিককালের সবচেয়ে জনপ্রিয় শক্তি হলো বিদ্যুৎ। সিংহভাগ বিদ্যুৎ তাপ ইঞ্জিনে খনিজ জ্বালানি পুড়িয়ে টাবাইন ঘুরিয়ে উৎপাদন করা হয়।

তড়িৎ রাসায়নিক কোষ ও ব্যাটারির মাধ্যমে রাসায়নিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করে আলো জ্বালানো হয়, রেডিও টিভি চালানো হয়, পাখা ঘুরানো হয়।

জেনে রাখ

- জীবচক্র থেকে আমরা জানি যে, উদ্দিদ সালোকসংশ্লেষণের মাধ্যমে সূর্য থেকে শক্তি তার দেহে সঞ্চিত করে। উদ্দিদ থেকে প্রাণিকুল শক্তি পায়।
- উদ্দিদ ও প্রাণীর মৃত্যুর পর এদের দেহজাত পদার্থ হাজার হাজার বছর ধরে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে পরিবর্তিত হয়ে পেট্রোলিয়াম, কয়লা ও প্রাকৃতিক গ্যাসরূপে ভূগর্ভে জমা হয়। এগুলোকে জীবাশ্ম জ্বালানি (fossil fuel) বলে।
- জীবাশ্ম জ্বালানি আমরা খনিতে পাই। আমাদের দেশের তিতাস, হরিপুর, সাংগু প্রভৃতি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র ও বড়পুকুরিয়া কয়লাখনি প্রসিদ্ধ।
- এসব জীবাশ্ম জ্বালানির মজুদ আগামী একশ বছরেই শেষ হয়ে যাবে।
- এসব জীবাশ্ম জ্বালানির সঞ্চিত রাসায়নিক শক্তির পরিমিত ব্যয় নিশ্চিত করা গেলে মজুদের উপর চাপ কমবে।

আমাদেরকে এসব শক্তির অপচয় রোধ করে দীর্ঘসময় ব্যবহার নিশ্চিত করার প্রচেষ্টা চালাতে হবে।

জেনে রাখ

- যা পোড়ানোর ফলে স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকারক পদার্থ তৈরি হয় না, তাকে বিশুদ্ধ জ্বালানি বলা হয়।
- স্বল্প বায়ুর উপস্থিতিতে বিশুদ্ধ জ্বালানি পোড়ালে CO_2 এর সাথে বিষাক্ত CO গ্যাস উৎপন্ন হয় যা স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ।
- জীবাশ্ম জ্বালানির সাথে যদি S ও N মৌলযুক্ত যৌগ উপস্থিত থাকে এবং তা পোড়ানো হয় তাহলে পরিবেশ ও স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ S ও N এর বিভিন্ন অক্সাইড উৎপন্ন হয়।
- এসব অক্সাইড বায়ুর জলীয় বাষ্পের সাথে যুক্ত হয়ে H_2SO_4 ও HNO_3 উৎপন্ন করে, যা এসিডবৃষ্টি সৃষ্টি করে।
- যানবাহন থেকে নির্গত ধোঁয়ায় CO, N_2O ও অব্যবহৃত CH_4 বায়ুতে মিশে সূর্যের আলোর উপস্থিতিতে নানা রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে বিভিন্ন বিষাক্ত গ্যাসের ধোঁয়ার সৃষ্টি করে। একে 'ফটোক্যামিক্যাল ধোঁয়া' (Photochemical smog) বলে।

ফটোক্যামিক্যাল ধোঁয়ার গ্যাসসমূহ বায়ুমন্ডলের ওজোন স্তরের ক্ষয়সাধন করে।

জেনে রাখ

- রাসায়নিক শক্তির ব্যবহার উপযোগী করার মূলনীতি হলো মূলত জ্বালানিকে বায়ুর সাথে পুড়িয়ে (জারণ বিক্রিয়া) তাপ উৎপন্ন করা। যদিও ফুয়েল সেল, তড়িৎ রাসায়নিক কোষ ও নিউক্লিয়ার বিক্রিয়ায় শক্তির উৎপাদনের মূলনীতি ভিন্ন।
- জীবন ব্যবস্থার চাহিদা মেটাতে গিয়ে অব্যাহত গতিতে জ্বালানি পোড়ানোর ফলে CO_2 গ্যাস বাতাসে মিশছে। ব্যাপকহারে বৃক্ষ নিধনের কারণে এই CO_2 উদ্দিদকুল শোষণ করতে পারছে না। এতে বায়ুমন্ডলে CO_2 গ্যাস বেড়ে যাচ্ছে।
- CO_2 এর অন্যতম বৈশিষ্ট্য তাপ শোষণ করে তা ধরে রাখা এবং ওজনে ভারী হওয়ায় পৃথিবীপৃষ্ঠের কাছাকাছি অবস্থান করা। এতে পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাচ্ছে, যাকে বৈশ্বিক উষ্ণায়ন বলা হয়।
- CO_2 গ্যাসের তাপমাত্রা বৃদ্ধির ঘটনা গ্রিন হাউজ প্রভাব বলে পরিচিত এবং CO_2 কে গ্রিন হাউজ গ্যাস বলা হয়।
- বৈশ্বিক উষ্ণায়নের ফলে মেরু অঞ্চলের বরফ গলে পানিতে পরিণত হয়ে অনাকাঙ্ক্ষিত বন্যার সৃষ্টি করছে।

গ্রিন হাউজ গ্যাসসমূহ বায়ুমন্ডলের ওজোনস্তরের সাথে সরাসরি বিক্রিয়া করে এর পুরুত্ব কমিয়ে দিচ্ছে বা ওজোনস্তরে ক্ষতের সৃষ্টি করছে। এতে সূর্যের আলোতে উপস্থিত ক্ষতিকর অতিবেগুনি রশ্মি পৃথিবীতে প্রবেশ করছে।

জেনে রাখ

- ইথানল (ইথাইল অ্যালকোহল) একটি দাহ্য তরল রাসায়নিক পদার্থ। একে পোড়ালে তাপ উৎপন্ন হয়। তাই ইথানলকে তাপ ইঞ্জিনের জ্বালানি হিসেবে ব্যবহার করা যায়।
- আমেরিকায় সব গাড়িতে পেট্রোলের সাথে ১০% ইথানল মিশ্রিত করে রাস্তায় চলাচল করছে।

➲ ব্রাজিল সরকার খনিজ জ্বালানির সাথে ২৫% ইথানল মিশ্রিত করে ব্যবহার করা বাধ্যতামূলক করছে।

➲ আধুনিককালের ও পরবর্তী প্রজন্মের ব্যবহারযোগ্য শক্তি উৎপাদনের প্রযুক্তি বলে খ্যাত 'ফুয়েল সেল' এর জ্বালানি হিসেবে অ্যালকোহল (মিথানল ও ইথানল) ব্যবহৃত হচ্ছে।

➲ ইথানল হলো একটি জৈব রাসায়নিক যৌগ, যা শ্বেতসার জাতীয় শস্য দানা যেমন– আলু, ভুট্টা, ইক্ষু প্রভৃতি থেকে গাঁজন প্রক্রিয়ার মাধ্যমে উৎপন্ন করা যায়। এজন্য ইথানলকে জৈব জ্বালানি বলা হয়।

বর্তমানে নতুন প্রযুক্তির মাধ্যমে সেলুলোজ (উদ্দিদ দেহের উপাদান) থেকে ইথানল উৎপন্ন করা সম্ভব হয়েছে।

◘ জেনে রাখ :

➲ তড়িৎরাসায়নিক কোষের সাহায্যে রাসায়নিক শক্তিকে তাপশক্তিতে রূপান্তরিত না করে সরাসরি বিদ্যুৎশক্তিতে পরিণত করা যায়।

➲ গ্যালভানি ১৭৮০ খ্রিষ্টাব্দে ও ভোলটা ১৮০০ খ্রিষ্টাব্দে পরীক্ষার মাধ্যমে দেখান যে স্বতঃস্ফূর্তভাবে জারণ–বিজারণ বিক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎ উৎপন্ন করা যায়।

➲ গ্যালভানিক কোষ যা ভোলটায়িক কোষ বলে পরিচিত তা হলো এক ধরনের তড়িৎরাসায়নিক কোষ যার মাধ্যমে রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি তৈরি করা যায়।

➲ বিদ্যুৎশক্তি ব্যবহার করে তড়িৎরাসায়নিক কোষের মাধ্যমে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত করা যায়। একে তড়িৎ বিশ্লেষণ বলা হয়।

➲ যে কোষে তড়িৎ বিশ্লেষণ করা হয় তাকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলে।

➲ তড়িৎরাসায়নিক কোষ তড়িৎদ্বার, লবণ–সেতু ও তড়িৎ বিশ্লেষ্য দ্রবণ নিয়ে গঠিত।

◘ জেনে রাখ

➲ যে সকল পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে, তাদেরকে বিদ্যুৎ পরিবাহী বলে। আর যাদের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে না, তাদেরকে অপরিবাহী বলে।

➲ বিদ্যুৎ পরিবহনের কৌশলের উপর ভিত্তি করে পরিবাহীকে ইলেকট্রনিক ও তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী এই দুইভাগে ভাগ করা যায়।

➲ যে সকল পরিবাহী ইলেকট্রন প্রবাহের মাধ্যমে বিদ্যুৎ প্রবাহিত করে তাকে ইলেকট্রনিক পরিবাহী বলে। যেমন : সকল ধাতু ও গ্রাফাইট।

➲ বিদ্যুৎপ্রবাহ যদি পরিবাহীর আয়ন দ্বারা সাধিত হয়, ঐসব পরিবাহীকে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলে। যেমন : গলিত লবণ, এসিড, ক্ষার ও লবণের দ্রবণ।

➲ তড়িৎ রাসায়নিক কোষ গঠনে দুটি তড়িৎদ্বার প্রয়োজন। একটিকে অ্যানোড তড়িৎদ্বার এবং অপরটিকে ক্যাথোড তড়িৎদ্বার বলে।

➲ অ্যানোড তড়িৎদ্বারে জারণ বিক্রিয়া সম্পন্ন হয়। আর, ক্যাথোড তড়িৎদ্বারে বিজারণ বিক্রিয়া সম্পন্ন হয়।

➲ তড়িৎবিশ্লেষ্য কোষে ব্যবহৃত ব্যাটারির ধনাত্মক প্রান্ত যে ধাতব দন্ডের সাথে যুক্ত তা অ্যানোড হিসেবে এবং ঋণাত্মক প্রান্ত যে ধাতব দন্ডের সাথে যুক্ত তা ক্যাথোড হিসেবে কাজ করে।

➲ গ্যালভানিক কোষে অ্যানোড ও ক্যাথোড তড়িৎদ্বার গঠনের পদ্ধতি তড়িৎ বিশ্লেষ্য কোষ থেকে পৃথক। একটি ধাতব দন্ডকে ঐ ধাতুর তড়িৎবিশ্লেষ্য দ্রবণের মধ্যে স্থাপন করে তড়িৎদ্বার গঠন করা হয়। এ কোষে অ্যানোড ও ক্যাথোড হিসেবে ভিন্ন ধাতব দন্ড ব্যবহার করা হয়।

➲ কোনো একটি ধাতু যদি উক্ত ধাতুর লবণের দ্রবণে ডুবানো থাকে, তাকে ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার বলে।

তড়িৎদ্বার বিক্রিয়া জারণ বা বিজারণ বিক্রিয়া।

◘ জেনে রাখ :

➲ যে তড়িৎ রাসায়নিক কোষে তড়িৎদ্বার বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে, তাকে গ্যালভানিক কোষ বলে।

➲ ড্যানিয়াল কোষ একটি গ্যালভানিক কোষ। এ কোষে ক্যাথোড হিসেবে $Cu \mid Cu^{2+}(aq)$ ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার ও অ্যানোড হিসেবে $Zn \mid Zn^{2+}(aq)$ ধাতু/ ধাতব আয়ন তড়িৎদ্বার ব্যবহৃত হয়।

➲ অ্যানোডে জিংকের জারণ এবং ক্যাথোডে কপার আয়নের বিজারণ ঘটে।

গ্যালভানিক কোষে লবণ সেতু যুক্ত করলে এতে উপস্থিত ধনাত্মক ও ঋণাত্মক আয়নের সাহায্যে অসমতা রক্ষা করা হয়।

জেনে রাখ :

- ড্রাইসেল (কোষ) এক ধরনের গ্যালভানিক কোষ। এই ড্রাইসেলকে আমরা ব্যাটারি বলে জানি।
- সর্বাধিক প্রচলিত ড্রাইসেল হলো লেকল্যান্স কোষ। এই ড্রাইসেলকে আমরা টর্চলাইট জ্বালাতে, রেডিও বাজাতে, টিভির রিমোট চালাতে ব্যবহার করি।
- গ্যালভানিক কোষের ন্যায় ড্রাইসেলও অ্যানোড ও ক্যাথোড দ্বারা গঠিত। তফাৎ হলো এর গঠনে কোনো তরল তড়িৎ বিশ্লেষ্য দ্রব থাকে না।
- ড্রাইসেলে অ্যানোড হিসেবে জিংকের তৈরি কৌটা ব্যবহার করা হয়। এ কৌটা MnO_2 ও তড়িৎ বিশ্লেষ্য দ্রব দ্বারা পূর্ণ থাকে। তড়িৎ বিশ্লেষ্য দ্রব হিসেবে NH_4Cl ও $ZnCl_2$ এর লাই মিশ্রিত থাকে। এ লাইকে ঘন করার জন্য স্টার্চ যুক্ত করা হয়।
- জিংকের কৌটার ঠিক মাঝখানে ক্যাথোড দন্ড প্রবেশ করানো হয়। ক্যাথোড হিসেবে MnO_2 এর ভারী আবরণযুক্ত কার্বন দন্ড ব্যবহার করা হয়।
- ড্রাইসেলে জিংক দন্ড জারিত হয়ে Zn^{2+} উৎপন্ন করে। এ আয়ন কাইয়ের সাথে মিশে যায়।
- ক্যাথোডে অবস্থিত MnO_2 অ্যানোডে উৎপন্ন ইলেকট্রন গ্রহণ করে বিজারিত হয়। কার্বন দন্ড অ্যানোডে উৎপন্ন ইলেকট্রন ক্যাথোডে সরবরাহ করে।

ড্রাইসেল থেকে 1.5 ভোল্ট তড়িৎ বিভব পাওয়া যায়।

জেনে রাখ

- আমরা যেসব ব্যাটারি ব্যবহার করি এগুলোর অধিকাংশে ভারী ধাতু ব্যবহার হয়। এসব ধাতব যৌগসমূহ বিষাক্ত ও জীবদেহে ক্যান্সার সৃষ্টিকারী হিসেবে পরিচিত।
- যেমন ড্রাইসেলে Zn ও MnO_2, মারকারি কোষে Zn ও Hg_2O, লেড স্টোরেজ ব্যাটারিতে Pb ও PbO_2, লিথিয়াম ব্যাটারিতে CoO_2 ব্যবহার হয়। এসব ধাতুসমূহকে ভারী ধাতু বলে।
- ব্যবহারের পর ব্যাটারি ফেলে দিলে এগুলোতে থাকা ভারী ধাতু ও ধাতব যৌগসমূহ মাটি ও পানির সাথে যুক্ত হয়। এগুলোর দ্বারা মাটি ও পানি দূষিত হয় এবং অনেকসময় আমাদের খাদ্য শিকলে প্রবেশ করে।

ব্যাটারির বর্জ্য দ্বারা দূষিত মাটি ও পানিতে জন্মানো খাদ্য গ্রহণের ফলে ক্যান্সারসহ নানা জটিল রোগের সৃষ্টি হতে পারে।

জেনে রাখ :

- গ্যালভানিক কোষ যেমন–ড্যানিয়াল কোষ ও ড্রাই সেল ব্যাটারিতে অ্যানোড ও ক্যাথোড তড়িৎদ্বারে বিক্রিয়া ঘটিয়ে রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি উৎপন্ন করে। কিন্তু অনেক বিক্রিয়া তড়িৎ রাসায়নিক কোষে বাইরের থেকে বিদ্যুৎপ্রবাহের মাধ্যমে সংঘটিত করা যায়।
- যে কোষে বিদ্যুৎশক্তিকে ব্যবহার করে তড়িৎদ্বারে বিক্রিয়া সংঘটিত করা হয়, তাকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলে। তড়িৎ বিশ্লেষ্য কোষে বিদ্যুৎশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।

তড়িৎ বিশ্লেষণের সাহায্যে ধাতুপ্রলেপ দেওয়া, ধাতু পরিশোধন করা ও নতুন রাসায়নিক পদার্থের উৎপাদন করা সম্ভব

জেনে রাখ :

- তড়িৎবিশ্লেষ্য কোষের গঠন গ্যালভানিক কোষের মতোই, এক্ষেত্রে বৈদ্যুতিক বাল্বের পরিবর্তে ব্যাটারি যুক্ত থাকে।
- তড়িৎবিশ্লেষ্য কোষ এক প্রকোষ্ঠ বা দুই প্রকোষ্ঠবিশিষ্ট হতে পারে।

এক প্রকোষ্ঠবিশিষ্ট তড়িৎবিশ্লেষ্য কোষে বিদ্যুৎপ্রবাহ চালালে একটি ধনাত্মক পোল তড়িৎদ্বার (অ্যানোড) ও অপরটি ঋণাত্মক পোল তড়িৎদ্বার (ক্যাথোড) এর সৃষ্টি হয়। এতে ঋণাত্মক চার্জযুক্ত আয়ন অ্যানোড দ্বারা ও ধনাত্মক চার্জযুক্ত আয়ন ক্যাথোড দ্বারা আকৃষ্ট হয়।

জেনে রাখ

- পানির অণু 2টি হাইড্রোজেন ও 1টি অক্সিজেন মৌলের পরমাণু দ্বারা গঠিত।
- এক অণু হাইড্রোজেন ও অর্ধ অণু অক্সিজেন মিলে এক অণু পানি উৎপন্ন হয়।
- তড়িৎবিশ্লেষ্য কোষের মাধ্যমে পানিকে ভাঙা যায়। পানির বিশ্লেষণের জন্য যে তড়িৎ রাসায়নিক কোষ ব্যবহৃত হয়, তাতে রাসায়নিকভাবে নিষ্ক্রিয় ধাতুর অ্যানোড ও ক্যাথোড ব্যবহার করা হয়।
- পানির তড়িৎবিশ্লেষণে সাধারণত ধাতব প্লাটিনামের (Pt) পাত অ্যানোড ও ক্যাথোড হিসেবে ব্যবহার করা হয়।

সালফিউরিক এসিড দ্বারা সামান্য অম্লীয় পানির দ্রবণ তৈরি করে তাতে প্লাটিনাম অ্যানোড ও ক্যাথোডের মাধ্যমে বিদ্যুৎ প্রবাহিত করলে জারণ–বিজারণ বিক্রিয়া সংঘটিত হয়।

◘ জেনে রাখ

- NaCl–এর সম্পৃক্ত জলীয় দ্রবণকে ব্রাইন বলে।
- NaCl দ্রবণকে তড়িৎবিশ্লেষণ করে প্রধানত ক্লোরিন গ্যাস উৎপন্ন করা হয়।
- বাণিজ্যিকভাবে ক্লোরিন উৎপাদনের জন্য সমুদ্রের পানিকে তড়িৎ বিশ্লেষণ করা হয়। কেননা সমুদ্রের পানিতে প্রচুর NaCl থাকে।
- NaCl দ্রবণে বিদ্যুৎপ্রবাহ চালালে NaCl–এর সাথে পানিরও জারণ–বিজারণ ঘটে।
- NaCl দ্রবণের তড়িৎবিশ্লেষণে Na^+ ও Cl^- বিদ্যুৎ পরিবাহিতার কাজ করে।
- অ্যানোডে ক্লোরাইড আয়ন জারিত হয়ে ক্লোরিন গ্যাস ও ইলেকট্রন তৈরি হয়।
- ক্যাথোডে পানির অণু বিজারিত হয়ে হাইড্রোক্সিল আয়ন ও হাইড্রোজেন গ্যাসে পরিণত হয়।

NaCl দ্রবণের তড়িৎবিশ্লেষণে Cl_2 ও H_2 গ্যাসের সাথে NaOH উপজাত যৌগ পাওয়া যায়।

◘ জেনে রাখ

- তড়িৎবিশ্লেষণের মাধ্যমে আকরিক থেকে বিভিন্ন ধাতু যেমন : সোডিয়াম, অ্যালুমিনিয়াম, তামা, দস্তা, লোহা, সিসা প্রভৃতি নিষ্কাশন করা হয়।
- বাণিজ্যিকভাবে ইলেকট্রোপ্লেটিংয়ের মাধ্যমে লোহায় অন্য ধাতুর বিশেষ করে দস্তা ও ম্যাগনেসিয়ামের মরিচারোধক প্রলেপ দেওয়া হয়। এতে লোহার স্থায়িত্ব বৃদ্ধি পায়।
- রূপার তৈরি অলংকারের উপর সোনার প্রলেপ দিয়ে অলংকারের উজ্জ্বল্য বৃদ্ধি করা হয়।
- পানির তড়িৎ বিশ্লেষণে উৎপন্ন হাইড্রোজেন গ্যাস পরিবেশ বান্ধব জ্বালানি। হাইড্রোজেনকে পোড়ালে পরিবেশের জন্য প্রয়োজনীয় পানি ও তাপ উৎপন্ন হয়।
- হাইড্রোজেন গ্যাস বর্তমান সময়ের ফুয়েল সেলের সবচেয়ে ভালো জ্বালানি।

সমুদ্রের পানির তড়িৎবিশ্লেষণে উৎপন্ন ক্লোরিন গ্যাস জীবাণুনাশক হিসেবে এবং NaOH ক্ষার হিসেবে প্রচুর ব্যবহার করা হয়।

◘ জেনে রাখ :

- রাসায়নিক বিক্রিয়ায় পরমাণুর সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রন পরিবর্তন দ্বারা যৌগ গঠিত হয়, নিউক্লিয়াসের কোনো পরিবর্তন হয় না বা নতুন কোনো পরমাণুর গঠন হয় না।
- নিউক্লিয়ার বিক্রিয়ায় নিউট্রনের পরিবর্তন দ্বারা নতুন মৌলের সৃষ্টি হয়।
- বড় মৌলসমূহ বিশেষ করে যাদের পারমাণবিক সংখ্যা 83–এর বেশি তাদের নিউক্লিয়াস ভেঙে ছোট ছোট নিউক্লিয়াসে পরিণত হয়। এ সময় প্রচুর শক্তি আলোকরশ্মি হিসেবে নির্গত হয়। এটিকে তেজস্ক্রিয়তা বলে। তেজস্ক্রিয়তা হলো নিউক্লিয়ার ফিসন বিক্রিয়া।
- নিউক্লিয়ার বিক্রিয়ায় বড় নিউক্লিয়াস ভেঙে ছোট ছোট নিউক্লিয়াস তৈরি হয়, যাকে নিউক্লিয়ার ফিসন বলা হয়। আবার, ছোট ছোট নিউক্লিয়াস যুক্ত হয়ে বড় নিউক্লিয়াসও তৈরি হতে পারে। একে নিউক্লিয়ার ফিউসন বিক্রিয়া বলে।
- একটি নিউট্রন দ্বারা একটি বড় পরমাণুকে আঘাত করলে দুটি নতুন ছোট পরমাণু ও দুটি নিউট্রনের সৃষ্টি হয়। এভাবে শিকলের ন্যায় নিউক্লিয়ার বিক্রিয়া চলতে থাকে। একে নিউক্লিয়ার শিকল বিক্রিয়া বলে।
- ফিসন বিক্রিয়া হলো তাপ উৎপাদী বিক্রিয়া। এক মোল ইউরেনিয়াম–235 নিউক্লিয়ার ফিসন বিক্রিয়ার মাধ্যমে 2.0×10^{13} জুল শক্তি উৎপন্ন করে।

পারমাণবিক চুল্লিতে ফিসন বিক্রিয়ার ফলে উদ্‌ত তাপশক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপন্ন করা হয়।

রাসায়নিক বন্ধন : যে আকর্ষণী বল দ্বারা অণুতে পরমাণুগুলো পরস্পরের সাথে যুক্ত থাকে তাকে রাসায়নিক বন্ধন বলা হয়। যৌগে বিভিন্ন মৌলের পরমাণু মোটামুটি দৃঢ়ভাবে যুক্ত থাকে।

- **আন্তঃআণবিক শক্তি :** প্রত্যেক পদার্থের অণুসমূহ পরস্পর পরস্পরকে আকর্ষণ করে। এ আকর্ষণ শক্তিকে আন্তঃআণবিক শক্তি বলা হয়। কঠিন পদার্থের আন্তঃআণবিক শক্তি সবচেয়ে বেশি। তরল পদার্থের আন্তঃআণবিক শক্তি কঠিন পদার্থের তুলনায় কিছুটা কম। বায়বীয় পদার্থের আন্তঃআণবিক শক্তি সবচেয়ে কম।

- **রাসায়নিক বিক্রিয়ায় শক্তির রূ পান্তর :** রাসায়নিক বিক্রিয়ায় তাপ উৎপন্ন বা শোষিত হয়। কয়লা পোড়ালে তাপ পাওয়া যায়। চুনকে পানিতে রাখলে পানি গরম হয়ে ওঠে। এসব বিক্রিয়ায় তাপ উৎপাদিত হয়। আবার অক্সিজেন গ্যাসের নিঃশব্দ বিদ্যুৎ ক্ষরণে যে ওজোন গ্যাস উৎপন্ন হয় তাতে তাপ শোষিত হয়। বাতাসের নাইট্রোজেন ও অক্সিজেন গ্যাসের সংযোগে নাইট্রিক অক্সাইড গ্যাস উৎপন্ন হওয়ার সময় তাপ শোষিত হয়। রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তির এরূপ পরিবর্তনকে শক্তির রূপান্তর বলা হয়।

- **বিক্রিয়া তাপ :** কোনো রাসায়নিক বিক্রিয়ায় পরিবর্তিত তাপকে বিক্রিয়া তাপ বলে।

- **দহন তাপ :** 1atm চাপে কোনো যৌগিক বা মৌলিক পদার্থের 1 mole সম্পূর্ণরূপে অক্সিজেনে দহনকালে তাপশক্তির যে পরিবর্তন হয় তাকে ওই পদার্থের দহন তাপ বলা হয়। দহনের সময় পদার্থের অণুর বন্ধনসমূহ ভাঙে। এ কারণেই দহনে সর্বদা শক্তি নির্গত হয়। যেমন– 1 mole অর্থাৎ 16g মিথেনকে অক্সিজেনে পোড়ালে 890 kJ তাপ নির্গত হয়। সুতরাং, মিথেনের দহন তাপ হচ্ছে 890 kJ/mole।

$$CH_4(g) + 2O_2\ (g) \longrightarrow CO_2(g) + 2H_2O\ (g);\ \Delta H = -890kJ$$

- **দ্রবণ তাপ :** কোনো পদার্থের এক মোলকে যথেষ্ট পরিমাণ দ্রাবকে দ্রবীভূত করলে তাপের যে পরিবর্তন হয় তাকে সে পদার্থের দ্রবণ তাপ বলা হয়। দ্রাবকের পরিমাণের ওপর দ্রবণ তাপ কিছুটা নির্ভর করে। সাধারণত দ্রাবকের পরিমাণ এতটা বেশি রাখা হয় যেন দ্রবণকে খুব লঘু বলে ধরা যায়।

- **বিক্রিয়ায় তাপশক্তির পরিবর্তন :** বিক্রিয়ায় তাপশক্তির পরিবর্তনকে ΔH সংকেত দ্বারা প্রকাশ করা হয়। ΔH চিহ্ন দ্বারা বিক্রিয়া তাপোৎপাদী না তাপহারী তা বোঝা যায়। আধুনিক রীতি অনুযায়ী যদি বিক্রিয়ায় তাপ উৎপাদিত হয় তবে ΔH ঋণাত্মক। বিক্রিয়ায় তাপ শোষিত হলে ΔH ধনাত্মক। ΔH এর একক kJ ধরা হয়। ΔH এর মান পদার্থের অবস্থা, তাপমাত্রা ও চাপের ওপর নির্ভরশীল। বিক্রিয়ায় তাপশক্তির পরিবর্তন মাপার জন্য প্রমাণ তাপমাত্রা ও চাপ ব্যবহার করতে হয়। এক্ষেত্রে প্রমাণ তাপমাত্রা 25°C বা 298K এবং প্রমাণ চাপ 1 atm।

- **রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তির পরিবর্তনের কারণ :** যেকোনো বস্তুর অণুতে বিভিন্ন পরমাণু বা আয়নের মধ্যে রাসায়নিক বন্ধন বিদ্যমান। এ সকল বন্ধন শক্তির আধার। এ শক্তিকে রাসায়নিক শক্তি বলা হয়। একটি বন্ধন ভাঙতে শক্তি যোগান দিতে হয়। আবার ঐ বন্ধন সৃষ্টি হলে সেই শক্তি নির্গত হয়। রাসায়নিক বিক্রিয়ায় কোনো পরমাণু সৃষ্টি বা ধ্বংস হয় না। তাদের মধ্যকার বন্ধন ভাঙে এবং নতুন বন্ধন গড়ে। এ বন্ধন ভাঙা ও গড়ায় সর্বমোট যে শক্তির পরিবর্তন হয় সেটাই বিক্রিয়ায় তাপ ও অন্যান্য শক্তির পরিবর্তন হিসেবে দেখা যায়। যদি বন্ধন ভাঙতে কম পরিমাণ শক্তির প্রয়োজন হয় এবং নতুন বন্ধন সৃষ্টিতে অধিক পরিমাণ শক্তি নির্গত হয় তাহলে বিক্রিয়ায় এ দুই শক্তির পার্থক্যের সমপরিমাণ শক্তি নির্গত হবে। অপরদিকে, বন্ধন ভাঙতে যদি অধিক পরিমাণ শক্তির প্রয়োজন হয় তবে বিক্রিয়ায় দুই শক্তির পার্থক্যের সমান পরিমাণ শক্তি শোষিত হবে।

  বন্ধন ভাঙার প্রয়োজনীয় শক্তি > বন্ধন সৃষ্টিতে নির্গত শক্তি $\Rightarrow$ তাপহারী বিক্রিয়া

  বন্ধন ভাঙার প্রয়োজনীয় শক্তি < বন্ধন সৃষ্টিতে নির্গত শক্তি $\Rightarrow$ তাপোৎপাদী বিক্রিয়া

- **জীবাশ্ম জ্বালানি :** অতীত যুগের জীবের দেহাবশেষ জীবাশ্মে পরিণত হয় এবং সৃষ্ট জীবাশ্ম কঠিন বা তরল আকারে খনি থেকে তুলে জ্বালানিরূপে ব্যবহার করা হয়। এই জ্বালানিকে জীবাশ্ম জ্বালানি বা খনিজ জ্বালানি বলে। কয়লা, পেট্রোল, কেরোসিন, ডিজেল, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি কয়েকটি জীবাশ্ম জ্বালানির নাম।

- **বিদ্যুৎ পরিবাহী :** যেসব পদার্থ বিদ্যুৎ পরিবহনে সক্ষম বা যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয় তাদের বিদ্যুৎ পরিবাহী পদার্থ বলে। যেমন : তামা, সোনা, রুপা, অ্যালুমিনিয়াম, গ্রাফাইট, গ্যাস কার্বন ইত্যাদি। বিদ্যুৎ পরিবাহী দুই প্রকারের– ধাতব পরিবাহী ও তড়িৎ বিশ্লেষ্য।

- **ধাতব পরিবাহী :** যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ পরিবহনের সময় কোনোরূপ রাসায়নিক পরিবর্তন হয় না তাদেরকে ধাতব পরিবাহী বলে। তামা, রুপা, অ্যালুমিনিয়ামসহ সকল ধাতু ও গ্রাফাইট এ ধরনের পরিবাহী।

- **তড়িৎ বিশ্লেষ্য :** কতকগুলো পদার্থ গলিত বা পানিতে দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে এবং বিদ্যুৎ পরিবহনকালে পদার্থগুলো বিশ্লিষ্ট হয়ে নতুন পদার্থ উৎপন্ন করে। এ জাতীয় পদার্থকে তড়িৎ বিশ্লেষ্য বলে। এসিড, ক্ষার ও লবণের জলীয় দ্রবণ উত্তম তড়িৎ বিশ্লেষ্যের উদাহরণ। যেমন : H_2SO_4, HCl, NaOH, KOH, NaCl, $CuSO_4$, $AgNO_3$ ইত্যাদি।

- **তড়িৎ অবিশ্লেষ্য :** যেসব যৌগ জলীয় দ্রবণে বা গলিত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করতে পারে না তাদের তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ বলে। বিশুদ্ধ পানি, চিনির জলীয় দ্রবণ, গ্লিসারিন, অ্যালকোহল, বেনজিন, কেরোসিন প্রভৃতি বিদ্যুৎ পরিবহন করে না। তাই এরা তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ।

- **বিদ্যুৎ অপরিবাহী :** যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয় না সেগুলোকে বিদ্যুৎ অপরিবাহী পদার্থ বলে। যেমন : কাঠ, কাচ, মোম, কয়লা, গন্ধক, চিনি, রবার, অ্যাবোনাইট ইত্যাদির মধ্য দিয়ে বিদ্যুৎ চলাচল করতে পারে না। তাই এগুলো বিদ্যুৎ অপরিবাহী।
- **তড়িৎ বিশেরষণ :** যে প্রক্রিয়ায় গলিত বা দ্রবীভূত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহ চালনা করে পদার্থটির রাসায়নিক পরিবর্তন ঘটিয়ে নতুন পদার্থ উৎপন্ন করা হয় তাকে তড়িৎ বিশ্লেষণ বলে। যেমন : $NaCl$ একটি তড়িৎ বিশ্লেষ্য পদার্থ। দ্রবীভূত অবস্থায় এর মধ্যে বিদ্যুৎ প্রবাহ চালনা করলে এতে রাসায়নিক পরিবর্তন ঘটে এবং Na^+ ক্যাটায়ন এবং Cl^- অ্যানায়ন উৎপন্ন হয়।
- **তড়িৎ বিশেরষণ কোষ :** কোনো তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহ চালনা করতে হলে পদার্থটিকে গলিত বা পানিতে দ্রবীভূত অবস্থায় একটি পাত্রের মধ্যে নেয়া হয়। সাধারণভাবে এ ধরনের পাত্রকে তড়িৎ বিশ্লেষণ কোষ বা ভোল্টামিটার বলা হয়। তড়িৎ বিশ্লেষণ কোষ বিভিন্ন আকৃতির হতে পারে।
- **তড়িৎদ্বার :** তড়িৎ বিশ্লেষণ কোষে বা ভোল্টামিটারে তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের মধ্যে দুটি সুপরিবাহী ধাতব পাত বা দন্ড (যেমন : প্লাটিনাম বা কপার) ডুবিয়ে রাখা হয়। এ তড়িৎ পরিবাহী পাত বা দন্ড দুটিকে তড়িৎদ্বার বলে। এ পাত বা দন্ড দুটির একটি ব্যাটারির ধনাত্মক প্রান্তের সঙ্গে এবং অপরটি ঋণাত্মক প্রান্তের সঙ্গে যুক্ত করা হয়। তড়িৎদ্বার হিসেবে প্লাটিনাম এবং কপারের ব্যবহার সবচেয়ে বেশি। তাছাড়া আয়রন, নিকেল, গ্রাফাইট ইত্যাদি ব্যবহৃত হয়।
- **অ্যানোড :** যে তড়িৎদ্বারটি ব্যাটারির ধনাত্মক প্রান্তের সঙ্গে যুক্ত থাকে এবং যার মধ্য দিয়ে বিদ্যুৎপ্রবাহ ব্যাটারি থেকে তড়িৎ বিশ্লেষ্যের মধ্যে প্রবেশ করে তাকে অ্যানোড বলে।
- **ক্যাথোড :** যে তড়িৎদ্বারটি ব্যাটারির ঋণাত্মক প্রান্তের সঙ্গে যুক্ত থাকে এবং যার মধ্য দিয়ে বিদ্যুৎপ্রবাহ তড়িৎ বিশ্লেষ্য থেকে পুনরায় ব্যাটারিতে ফিরে যায় তাকে ক্যাথোড বলে।
- **তড়িৎ বিশেরষণের আয়নীয় ব্যাখ্যা :** গলিত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পদার্থের অণুগুলো আপনা থেকে ভেঙে দুটি বিপরীত তড়িৎগ্রস্ত কণায় বিয়োজিত হয়ে যায়। এরূপ তড়িৎগ্রস্ত কণাগুলোকে আয়ন বলে। পজেটিভ তড়িৎগ্রস্ত কণাগুলোকে ক্যাটায়ন আর নেগেটিভ তড়িৎগ্রস্ত কণাগুলোকে অ্যানায়ন বলে। কোনো মৌল বা মূলকের যোজনী যত আয়ন ঠিক তত একক আধান বর্তমান থাকে। দ্রবণে বা গলিত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পদার্থ সামগ্রিকভাবে তড়িৎ নিরপেক্ষ থাকে। আয়নগুলোকে দ্রবণ বা গলিত অবস্থায় পৃথক করা যায় না বা আলাদাভাবে সংগ্রহ করা যায় না।
- **তড়িৎ রাসায়নিক শ্রেণি :** তড়িৎ ধনাত্মকতার ক্রমহ্রাসমান মান অনুযায়ী ক্যাটায়নগুলোকে এবং তড়িৎ ঋণাত্মকতার ক্রমহ্রাসমান মান অনুযায়ী অ্যানায়নগুলোকে সাজিয়ে যে তালিকা পাওয়া যায় সেই তালিকাকে তড়িৎ রাসায়নিক শ্রেণি বলে।
- **ইলেকট্রোপেরটিং :** তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ায় লোহা, তামা, পিতল প্রভৃতি ধাতু বা ধাতু সংকরের তৈরি দ্রব্যের ওপর নিকেল, জিংক, সিলভার, গোল্ড, ক্রোমিয়াম প্রভৃতি ধাতুর প্রলেপ দেওয়াকে ইলেকট্রোপ্লেটিং বলা হয়। ধাতুর তৈরি জিনিসপত্রকে জলবায়ু এবং বায়ুর অক্সিজেনের প্রকোপ থেকে রক্ষা করা এবং সুন্দর ও আকর্ষণীয় করে তোলাই ইলেকট্রোপ্লেটিংয়ের উদ্দেশ্য।
- **গ্যালভানিক কোষ :** যে তড়িৎ রাসায়নিক কোষে তড়িৎদ্বার দ্বারা বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে, অর্থাৎ বিক্রিয়া সংঘটনের জন্য বাইরে থেকে শক্তির দরকার হয় না এবং রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে পরিণত হয়, তাকে গ্যালভানিক কোষ বলে। এই কোষে তড়িৎদ্বার দুটিকে তারের মাধ্যমে সংযুক্ত করা হয়। ফলে অ্যানোড থেকে ক্যাথোডে ইলেকট্রন প্রবাহ শুরু হয়।
- **তড়িৎ রাসায়নিক কোষ :** যে কোষে তড়িৎ প্রবাহের মাধ্যমে রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি উৎপাদন করা যায় তাকে তড়িৎ রাসায়নিক কোষ বলে। একে গ্যালভানিক কোষও বলা হয়। যে কোষে তড়িৎ বিশ্লেষণ করা হয় তাকে তড়িৎ বিশ্লেষণ কোষ বলে। তড়িৎ রাসায়নিক কোষ বিভিন্ন ক্ষুদ্রাংশ (লবণ সেতু, তড়িৎ বিশ্লেষ্য দ্রবণ) নিয়ে গঠিত।
- **ড্রাইসেল :** ড্রাইসেল এক ধরনের গ্যালভানিক কোষ। একে ব্যাটারিও বলা হয়। ড্রাইসেল সাধারণত টর্চলাইট জ্বালাতে, রেডিও বাজাতে, টিভির রিমোট চালাতে, বাচ্চাদের খেলনা চালাতে ব্যবহৃত হয়। ড্রাইসেলে অ্যানোড হিসেবে ছোট জার (কৌটা) ব্যবহৃত হয়। কৌটাটি MnO_2 ও তড়িৎ বিশ্লেষ্য দ্রব দ্বারা পূর্ণ থাকে। তড়িৎ বিশ্লেষ্য হিসেবে কাই ব্যবহৃত হয়। কাইকে ঘন করার জন্য স্টার্চ দেওয়া হয়। কৌটাটি কাই দ্বারা পূর্ণ করে মাঝখানে ক্যাথোড হিসেবে MnO_2 এর ভারী আবরণ যুক্ত কার্বন দন্ড ব্যবহৃত হয়। ড্রাইসেল থেকে 1.5 ভোল্ট তড়িৎ বিভব পাওয়া সম্ভব।
- **নিউক্লিয়ার বিক্রিয়া :** নিউক্লিয়ার বিক্রিয়ায় একটি বড় নিউক্লিয়াস স্বতঃস্ফূর্তভাবে ভেঙে ছোট ছোট নিউক্লিয়াসে পরিণত হয় এবং এ সময় প্রচুর শক্তি আলোকরশ্মি হিসেবে নির্গত হয়। একে তেজস্ক্রিয়তা বলে। এক্ষেত্রে মৌলের পারমাণবিক সংখ্যা 83- এর বেশি হওয়া বাঞ্ছনীয়। যেমন : ইউরেনিয়াম $238(U)$ ভেঙে থোরিয়াম $234Th$ উৎপন্ন হয়। এভাবে বড় নিউক্লিয়াস ভেঙে ছোট নিউক্লিয়াস তৈরির প্রক্রিয়াকে নিউক্লিয়ার ফিসন বলা হয়। আবার ছোট ছোট নিউক্লিয়াস যুক্ত হয়ে বড় নিউক্লিয়াস তৈরি হতে পারে। এ প্রক্রিয়াকে নিউক্লিয়ার ফিউসন বলে।
- **গ্রিন হাউজ গ্যাস :** যেসব গ্যাস ভূপৃষ্ঠের তাপের একটি বড় অংশ আটকে রাখে এবং বায়ুমন্ডলের তাপ বৃদ্ধি করে সেসব গ্যাসকে গ্রিন হাউজ গ্যাস বলে। CO_2, NO, CH_4, CFC কয়েকটি গ্রিন হাউজ গ্যাস।

- **ওজোনস্তর :** বায়ুমন্ডলের স্ট্রাটোস্ফিয়ারের নিচের দিকে ওজোন গ্যাসের একটি ঘনস্তর আছে। এ ঘনস্তরকে ওজোনস্তর বলে। ওজোনস্তর সূর্যের তেজস্ক্রিয় রশ্মি আল্ট্রাভায়োলেট রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে আমাদের রক্ষা করে। বর্তমানে গ্রিন হাউজ গ্যাসগুলোর জন্য ওজোনস্তরে ছিদ্র দেখা গেছে।
- **অতিবেগুনি রশ্মি :** সূর্যের আলো থেকে নির্গত ক্ষতিকর অদৃশ্যমান রশ্মিকে অতিবেগুনি রশ্মি বলে। ওজোনস্তর সূর্যের আলোর ছাঁকনি হিসেবে কাজ করে অতিবেগুনি রশ্মি আসতে বাধা প্রদান করে।
- **গ্রিন হাউজ প্রভাব :** বায়ুমন্ডলে CO_2, NO, CH_4, CFC ইত্যাদি গ্যাসের পরিমাণ বেড়ে গেলে তাপমাত্রা বেড়ে যায়। বায়ুমন্ডলে তাপমাত্রা বৃদ্ধির এই প্রক্রিয়াকে গ্রিন হাউজ প্রভাব বলে।
- **এসিড বৃষ্টি :** শিল্প–কারখানা, যানবাহন, ইটের ভাটা ইত্যাদি থেকে বায়ু দূষণকারী বিভিন্ন গ্যাস যেমন : CO_2, SO_2, CO, N_2 ইত্যাদি উৎপন্ন হয়। এর মধ্যে SO_2 গ্যাসটি বায়ুমন্ডলে মিশে যায়। পরে এই SO_2–এর সাথে মেঘের জারণ ঘটে। এই মেঘ থেকে যে বৃষ্টি হয় তাকে এসিড বৃষ্টি বলে।

XvKv †evW© 2022

৬ } (i) $X_2(g) + Y_2(g) + 180\ kJ \rightleftharpoons 2XY(g)$

(ii) $2FeCl_2 + Cl_2 \rightarrow 2FeCl_3$

(iii) $KOH + H_2SO_4 \rightarrow K_2SO_4 + H_2O$

ক. কেলাস পানি কাকে বলে? ১

খ. Cu *এর দ্রব্যাদির ক্ষয় হয় না কেন? ব্যাখ্যা কর।* ২

গ. (i) *নং বিক্রিয়ার রাসায়নিক সাম্যাবস্থায় তাপমাত্রার প্রভাব ব্যাখ্যা কর।* ৩

ঘ. (ii) *নং এবং* (iii) *নং এর কোনটি জারণ-বিজারণ বিক্রিয়াকে সমর্থন করে? যৌক্তিক কারণ বিশ্লেষণ কর।* ৪

যশোর বোর্ড ২০২২

৭ } (i) $FeCl_2 + SnCl_4 \rightarrow FeCl_3 + SnCl_2$

(ii) $Ca + O_2 \rightarrow CaO$

ক. বিক্রিয়ার হার কী? ১

খ. অ্যালকেন অপেক্ষা অ্যালকিন অধিক সক্রিয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের (i) *নং বিক্রিয়াটিতে জারণ-বিজারণ যুগপৎ সংঘটিত হয়েছে– ব্যাখ্যা কর।* ৩

ঘ. (ii) *নং বিক্রিয়াটি কোন কোন বিক্রিয়ার প্রতিনিধিত্ব করে, সমীকরণসহ বিশ্লেষণ কর।* ৪

কুমিল্লা বোর্ড ২০২২

৬ } (i) $FeCl_2 + SnCl_4 \rightarrow FeCl_3 + SnCl_2$

(ii) $2N_2O_5(g) \rightleftharpoons 4NO_2(g) + O_2(g)$

ক. ধাতব বন্ধন কাকে বলে? ১

খ. মোলারিটি তাপমাত্রার উপর নির্ভর করে কেন? ব্যাখ্যা কর। ২

গ. লা-শাতেলিয়ার নীতি অনুসারে (ii) *নং বিক্রিয়ার চাপের প্রভাব আলোচনা কর।* ৩

ঘ. (i) *নং বিক্রিয়াটি কোন কোন বিক্রিয়ার প্রতিনিধিত্ব করে? সমীকরণসহ বিশ্লেষণ কর।* ৪

PÆMÖvg †evW© 2022 চট্টগ্রাম বোর্ড-

ক. ৭ } (i) $CaC_2 + 2H_2O \rightarrow A(g) + Ca(OH)_2$

(ii) $A(g) + H_2 \rightarrow C(g)$

(iii) $C(g) + H_2 \rightarrow D(g)$

ক. অ্যালিসাইক্লিক যৌগ কাকে বলে? ১

খ. সালোকসংশ্লেষণ মূলত একটি রাসায়নিক বিক্রিয়া– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের A *যৌগটি* Br_2 *দ্রবণকে বর্ণহীন করে– বিক্রিয়াসহ ব্যাখ্যা কর।* ৩

ঘ. *উদ্দীপকের* D *যৌগ থেকে মিথেন গ্যাস প্রস্তুত করা সম্ভব কি-না? বিশ্লেষণ কর।* ৪

দিনাজপুর বোর্ড ২০২২

৪ } $2SO_2(g) + O_2(g)$ F $2SO_3(g)$; $\Delta H = -196$ kJ

ক. *রাসায়নিক সাম্যাবস্থা কাকে বলে?* ১

খ. Cl^- *একটি বিজারক– ব্যাখ্যা কর।* ২

গ. *উদ্দীপকের বিক্রিয়ায় উৎপন্ন যৌগের* 10 *গ্রামে পরমাণুর সংখ্যা নির্ণয় কর।* ৩

ঘ. *সাম্যাবস্থায় বিক্রিয়াটির উপর তাপমাত্রা ও চাপের প্রভাব বিশ্লেষণ কর।৪*

Dhaka 19

৪. ★ $N_2(g) + 3H_2(g)$ HooooI $2NH_3(g)$; $\Delta H = -92$ kJ/mole উলে-খ্য N ≡ N এবং H – H এর বন্ধনশক্তি যথাক্রমে 946 এবং 435 kJ/mole।

ক. গ্যালভানিক কোষ কাকে বলে? ১

খ. "মিথান্যাল পানিতে দ্রবণীয়"– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিক্রিয়ায় N – H এর বন্ধনশক্তি নির্ণয় করো।৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় তাপমাত্রা ও চাপের বৃদ্ধি সম্মুখবর্তী বিক্রিয়ার উপর একই প্রভাব রাখবে কী? বিশে-ষণ করো।

রাজশাহী বোর্ড-২০১৯

৬. ▶ (i) $CH_4 + 2O_2 \rightarrow CO_2 + 2H_2O$; $\Delta H = -891$ kJ/mol

[C – H, O = O ও O – H বন্ধন শক্তি যথাক্রমে 414, 498, 464 kJ/mol^{-1}

(ii) $^{235}U + {}^{1}_{0}n \rightarrow {}^{90}Sr + {}^{143}Xe + 3{}^{1}_{0}n +$ শক্তি

ক. গ্যাসহোল কাকে বলে? ১

খ. তড়িৎদ্বার বিক্রিয়া জারণ বিজারণ বিক্রিয়া– ব্যাখ্যা করো।২

গ. (i)নং বিক্রিয়ায় C = O এর বন্ধন শক্তি নির্ণয় করো। ৩

ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে উদ্দীপকের বিক্রিয়াদ্বয়ের কোনটি বিদ্যুৎ উৎপাদনের জন্য অধিক উপযোগী বলে তুমি মনে করো? যুক্তিসহ বিশে-ষণ করো।

দিনাজপুর বোর্ড-২০১৯

৭. ★

চিত্রের কোষটি রিমোট চালাতে ব্যবহৃত হয়

ক. COD-এর পূর্ণরূপ লেখো। ১

খ. পানির খরতার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কোষটির চিহ্নিত চিত্রসহ গঠন বর্ণনা করো। ৩

ঘ. কিছু দিন ব্যবহারের পরে উদ্দীপকের কোষটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে কেন– বিক্রিয়া সমীকরণসহ বর্ণনা করো। ৪

কুমিল বোর্ড-২০১৯

৮. ▶ $C_2H_4(g) + O_2(g) \rightarrow CO_2(g) + H_2O(g) + 987\ kJ$

এখানে C – H, O = O, C = C, O – H এর বন্ধন শক্তি যথাক্রমে 414, 498, 615, 464 kJ/mol।

ক. যোজ্যতা ইলেকট্রন কাকে বলে? ১

খ. HF একটি পোলার যৌগ–ব্যাখ্যা করো। ২

গ. উক্ত বিক্রিয়ার মাধ্যমে C = O এর বন্ধন শক্তি নির্ণয় করো।৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ার সাম্যাবস্থার উপর তাপ ও চাপের প্রভাব আলোচনা করো। ৪

চট্টগ্রাম বোর্ড-২০১৯

৫. ★



ক. ফরমালিন কাকে বলে? ১

খ. খাদ্যদ্রব্য সংরক্ষণে ভিনেগার ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের D গ্যাসের 5 গ্রামে মোট পরমাণুর সংখ্যা নির্ণয় করো। ৩

ঘ. বিক্রিয়ক দুইটি পানির সাথে পৃথকভাবে বিক্রিয়া করলে উভয় বিক্রিয়ার শক্তিচিত্র ভিন্ন হবে –বিশে-ষণ করো। ৪

যশোর বোর্ড-২০১৯

৫. ★



ক. তড়িৎবিশে-ষ্য কাকে বলে? ১

খ. 20 পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলের ক্ষেত্রে ইলেকট্রন 3d শেলে না গিয়ে 4s এ যায় কেন? ২

গ. উদ্দীপকের কোষে সংঘটিত তড়িৎদ্বার বিক্রিয়াগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কোষের কার্যকারিতা সচল রাখতে KNO_3 এর ভূমিকা অপরিসীম –উক্তিটি মূল্যায়ন করো। ৪

বরিশাল বোর্ড-২০১৯

৩.▶ i.



ii. গ্রাফাইট + $O_2 \longrightarrow Y$ (গ্যাস)

iii. $CH_4 + Cl_2 \longrightarrow CH_3Cl + HCl$; $\Delta H = -99$ kJ,
এখানে C – H, Cl – Cl, C – Cl, H – Cl এর বন্ধন শক্তি যথাক্রমে 414, 244, 326 ও 431 কিলোজুল/মোল।

ক. অ্যালকিন কাকে বলে? ১

খ. PH_3 ক্ষারধর্মী কেন? ব্যাখ্যা করো। ২

গ. দেখাও যে, (ii) নং সমীকরণ একটি Redox বিক্রিয়া। ৩

ঘ. উদ্দীপকের 'X' এর সাথে Cl_2 গ্যাসের প্রতিস্থাপন বিক্রিয়ায় ১ম ধাপে তাপের পরিবর্তন এবং (iii) নং বিক্রিয়ায় তাপের পরিবর্তন একই। –গাণিতিকভাবে বিশে-ষণ করো। ৪

সকল বোর্ড-২০১৮

৬. $CH_4 + O_2 \rightarrow \underset{(A)}{CO_2(g)} + H_2O$;

ক. তড়িৎবিশে-ষ্য পরিবাহী কাকে বলে? ১

খ. উন্নত দেশে পেট্রোল এর সাথে ইথানল মিশিয়ে ব্যবহার করা হয় কেন? ২

গ. যদি C–H, O = O, C = O এবং H – O বন্ধন শক্তি যথাক্রমে 414, 498, 843 এবং 464 kJ/mol হয় তবে উপরের বিক্রিয়ার ΔH এর মান নির্ণয় করো। ৩

ঘ. উৎপাদ 'A' আমাদের জীব জগতের ভারসাম্য রক্ষায় খুব গুর"ত্বপূর্ণ। কিন্তু এর অতিরিক্ত উৎপাদন পরিবেশের জন্য ক্ষতিকর– বিশে-ষণ করো। ৪

ঢাকা বোর্ড-২০১৭

৬.▶ (i) $C_3H_8 + 2Cl_2 \longrightarrow C_3H_6Cl_2 + 2HCl$

[C – H, Cl – Cl, C – Cl এবং H – Cl এর বন্ধন শক্তি যথাক্রমে 414 kJ/mol, 244kJ/mol, 326kJ/mol এবং 431kJ/mol]

(ii) $Zn + H_2SO_4 \longrightarrow ZnSO_4 + H_2$

ক. আর্সেনিক এর পারমাণবিক সংখ্যা কত? ১

খ. ভিনেগার কীভাবে খাবার সংরক্ষণ করে? ২

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়াটিতে ΔH-এর মান নির্ণয় করে দেখাও। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়াটিতে জারণ-বিজারণ বিক্রিয়া যুগপৎ ঘটেছে যুক্তিসহ বিশে-ষণ করো। ৪

২২. রাজশাহী বোর্ড-২০১৭

৮. ▶ নিচের সারণিটি লক্ষ করো এবং সংশি-ষ্ট প্রশ্নসমূহের উত্তর দাও:

মৌল	ইলেকট্রন বিন্যাস
A	1
B	2, 5
C	2, 8, 5

$3A_2(g) + B_2(g)$ HooooooI $2BA_3(g)$; $\Delta H = -92kJ$

[A, B ও C প্রতীকী অর্থে ব্যবহৃত; প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়]

ক. ডেরলিনের মনোমার কী? ১

খ. $H_2SO_4(aq)$ একটি শক্তিশালী এসিড কেন? ব্যাখ্যা করো। ২

গ. A–A ও B–A এর বন্ধন শক্তি যথাক্রমে 435kJ/mol ও 391 kJ/mol হলে B≡B এর বন্ধন শক্তি নির্ণয় করো। ৩

ঘ. 'প্রদত্ত সারণির একটি মৌল ক্লোরিনের সাথে একাধিক যৌগ গঠনে সক্ষম'– বন্ধন গঠন চিত্র বর্ণনাপূর্বক উক্তিটি বিশে-ষণ করো। ৪

সিলেট বোর্ড-২০১৭

৭. ★ নিচের চিত্র দুটি লক্ষ করো :



চিত্র–P চিত্র–Q

ক. অষ্টক নিয়মটি লেখো। ১

খ. অসম্পৃক্ত হাইড্রোকার্বন বলতে কী বোঝায়? ২

গ. P-বিক্রিয়ায় শক্তি উৎপাদন কৌশল ব্যাখ্যা করো। ৩

ঘ. Q-বিক্রিয়াটি চার প্রকার বিক্রিয়ার প্রতিনিধিত্ব করে– উক্তিটি বিশে-ষণ করো। ৪

ঢাকা বোর্ড-২০১৬

৩. ★ $CH_4(g) + 4Cl_2(g) \rightarrow CCl_4(g) + 4HCl(g)$

এখানে,

$C - H = 414\ kJ/mol$

$Cl - Cl = 244\ kJ/mol$

$C - Cl = 326\ kJ/mol$

$H - Cl = 431\ kJ/mol$

ক. সমানুকরণ বিক্রিয়া কাকে বলে? ১

খ. তেজস্ক্রিয়তা একটি নিউক্লিয়ার ফিসন বিক্রিয়া-ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্য থেকে ΔH এর মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় অপেক্ষাকৃত ভারী উৎপাদটিতে মুক্তজোড় ইলেকট্রন রয়েছে কিনা বন্ধন গঠন চিত্রসহ বিশে-ষণ কর। ৪

রাজশাহী বোর্ড-২০১৬

৪. ▶ $CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(g)$ + তাপশক্তি; $\Delta H = -890kJ$.

ক. হাইড্রোকার্বন কাকে বলে? ১

খ. নাইট্রিক এসিডকে বাদামী বর্ণের বোতলে রাখা হয় কেন? ২

গ. C – H, O = O, O – H এর বন্ধন শক্তি যথাক্রমে মোল প্রতি 414kJ, 498kJ, 464kJ হলে উদ্দীপকের বিক্রিয়ার ক্ষেত্রে C = O এর বন্ধন শক্তি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়াটির অপূর্ণ দহন স্বাস্থ্য, পরিবেশ ও জাতীয় অর্থনীতির উপর বিরূপ প্রভাব ফেলে– মতামত দাও। ৪

দিনাজপুর বোর্ড-২০১৬

৩. ★ (i) $2FeCl_2 + Cl_2 \longrightarrow 2FeCl_3$

(ii) $^{235}U + {}^{1}_{0}n \longrightarrow {}^{90}Sr + {}^{143}Xe + 3{}^{1}_{0}n$ + শক্তি

ক. অ্যানালার কী? ১

খ. রাসায়নিক সাম্যাবস্থা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়াটি একটি জারণ-বিজারণ বিক্রিয়া-ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎশক্তি উৎপাদনের সুবিধা-অসুবিধা আলোচনা কর। ৪

কুমিল-া বোর্ড-২০১৬

৪. ▶ (i) $CH_4(g) + 2Cl_2(g) \longrightarrow CH_2Cl_2(g) + 2HCl(g)$

(ii) $N_2(g) + O_2(g) \longrightarrow 2NO(g)$; $\Delta H = 180kJ$.

C – H, C – Cl, Cl – Cl ও H – Cl বন্ধন শক্তি যথাক্রমে 414, 326, 244 ও 431 kJ/mole.

ক. টয়লেট ক্লিনারের মূল উপাদান কী? ১

খ. ক্লোরিনের তড়িৎ ঋণাত্মকতা ব্রোমিন অপেক্ষা বেশি কেন? ব্যাখ্যা কর। ২

গ. (i) নং বিক্রিয়ার ক্ষেত্রে ΔH এর মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়াদ্বয়ের সাম্যাবস্থায় তাপমাত্রার প্রভাব সম্পূর্ণ বিপরীত– বিশে-ষণ কর।

অষ্টম অধ্যায়
রসায়ন ও শক্তি
Chemistry and Energy

সৃজনশীল প্রশ্ন ও উত্তর

প্রশ্ন –১ ▸ নিচের বিক্রিয়াসমূহ দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :

i. পেট্রোলিয়াম + $O_2 \rightarrow CO_2 + H_2O$ + শক্তি

ii. $^{238}U + {}_0n^1 \rightarrow {}_{56}Ba + {}_{36}Kr + 3{}_0n^1$ + শক্তি

iii. $Zn + CuCl_2 \rightarrow ZnCl_2 + Cu$ + শক্তি

ক. ইলেকট্রোপ্লেটিং কী?

খ. তড়িৎরাসায়নিক কোষে লবণসেতু ব্যবহার করা হয় কেন?

গ. উদ্দীপকের দ্বিতীয় বিক্রিয়াটি রাসায়নিক বিক্রিয়া নয়–ব্যাখ্যা কর।

ঘ. শক্তি উৎপাদনে (i) ও (iii) এর বিক্রিয়া তুলনা কর।

▸◂ ১নং প্রশ্নের উত্তর ▸◂

ক.তড়িৎবিশ্লেষণের সাহায্যে কোনো সক্রিয় ধাতুর তৈরি জিনিসপত্রের উপর অন্য একটি কম সক্রিয় ধাতুর প্রলেপ সৃষ্টি করাকে ইলেকট্রোপ্লেটিং বলে।

খ. ---------- তড়িৎ রাসায়নিক কোষে প্রধানত দুটি কারণে লবণ সেতু ব্যবহার করা হয়।

i.---------- অর্ধকোষদ্বয়ের মধ্যে সংযোগ স্থাপন করার জন্য।

ii. ---------- দুই পাত্রের মধ্যে আয়নের সমতা বজায় রাখার জন্য।

গ. ---- উদ্দীপকের দ্বিতীয় বিক্রিয়ায় নতুন মৌল সৃষ্টি হয় বলে এটি নিউক্লিয়ার শিকল বিক্রিয়া, রাসায়নিক বিক্রিয়া নয়।

ii নং বিক্রিয়ায় ইউরেনিয়াম–২৩৮ কে উচ্চশক্তিসম্পন্ন নিউট্রন দ্বারা আঘাত করলে ফিসন বিক্রিয়ার ফলে 56^{Ba} ও 36^{Kr} তৈরি হয় ও তিনটি উচ্চশক্তিসম্পন্ন নিউট্রন নির্গত হয়। উৎপন্ন নিউট্রন তিনটি নতুন করে ইউরেনিয়াম–২৩৮ বা 56^{Ba} ও 36^{Kr} কে আঘাত করে অনুরূপভাবে নতুন পরমাণু ও নিউট্রন তৈরি করে। এভাবে শিকলের ন্যায় নিউক্লিয়ার বিক্রিয়া চলতে থাকে, যতক্ষণ পর্যন্ত বিক্রিয়ার মাধ্যমে ভেঙে ছোট পরমাণু হওয়ার মতো পরমাণু অবশিষ্ট থাকে। একে নিউক্লিয়ার শিকল বিক্রিয়া বলে।

রাসায়নিক বিক্রিয়ায় কোনো নতুন পরমাণু গঠিত হয় না। পরমাণুগুলো সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রনের পরিবর্তনের মাধ্যম সংযুক্ত হয়ে যৌগ গঠন করে। ii নং বিক্রিয়ায় দেখা যায় এতে ইলেকট্রনের বিষয়টি সম্পূর্ণ অনুপস্থিত। এখানে বিক্রিয়ার ফলে নতুন মৌলের সৃষ্টি হয়। সুতরাং, দ্বিতীয় বিক্রিয়াটি নিউক্লিয়ার বিক্রিয়া। এটি রাসায়নিক বিক্রিয়া নয়।

ঘ. উদ্দীপকের i নং বিক্রিয়ায় পেট্রোলিয়াম পুড়িয়ে ও iii নং বিক্রিয়ায় তড়িৎরাসায়নিক কোষের সাহায্যে শক্তি উৎপাদন করা হয়।

i নং ও iii নং উভয় তাপ উৎপাদী বিক্রিয়া। i নং বিক্রিয়ায় পেট্রোলিয়াম পোড়ালে কার্বন ডাইঅক্সাইড গ্যাস, পানি ও তাপ উৎপন্ন হয়। iii নং বিক্রিয়ায় তড়িৎ রাসায়নিক কোষের মাধ্যমে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়। এতে জারণ–বিজারণ বিক্রিয়ার মাধ্যমে শক্তি উৎপন্ন হয়।

i নং ও iii নং উভয় বিক্রিয়াতে রাসায়নিক শক্তিকে তাপশক্তিতে পরিণত করা হয়। i নং বিক্রিয়ায় পেট্রোলিয়াম দহনের ফলে উৎপন্ন পদার্থের অভ্যন্তরীণ শক্তি জ্বালানির অণুর মধ্যে স্থিত রাসায়নিক শক্তির তুলনায় কম। ফলে অতিরিক্ত শক্তি তড়িৎ–চুম্বকীয় রশ্মি হিসেবে চারদিকে ছড়িয়ে পড়ে। ii নং বিক্রিয়ায় তড়িৎ রাসায়নিক কোষে ইলেকট্রন আদান প্রদানের দ্বারা তাপশক্তি উৎপাদন করা হয়।

i নং বিক্রিয়ায় পেট্রোলিয়াম পোড়ানোর ফলে উদ্‌ত তাপশক্তিকে ব্যবহার করে তাপ ইঞ্জিনের টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎশক্তিতে রূপান্তর করা হয়। iii নং বিক্রিয়ায় সরাসরি রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে পরিণত হয়। এক্ষেত্রে তড়িৎ রাসায়নিক কোষে নিম্নোক্ত জারণ–বিজারণ বিক্রিয়া সংঘটিত হয় :

অ্যানোড বিক্রিয়া : $Zn(S) \longrightarrow Zn^{2+}(aq) + 2e^-$

ক্যাথোড বিক্রিয়া : $Cu^{2+}(aq) + 2e^- \longrightarrow Cu(s)$

$Zn(s) + Cu^{2+}(aq) \longrightarrow Zn^{2+}(aq) + Cu(s)$

i নং বিক্রিয়ায় শক্তি উৎপাদনের সাথে সাথে কার্বন ডাইঅক্সাইড গ্যাস ও জলীয় বাষ্প উৎপন্ন হয়। iii নং বিক্রিয়ায় শুধু বিদ্যুৎশক্তি উৎপন্ন হয়। সুতরাং, শক্তি উৎপাদনে i নং ও iii নং উভয় ভূমিকা রাখলেও দুটি বিক্রিয়ায় তুলনামূলক কিছু পার্থক্য রয়েছে।

প্রশ্ন –২ ▶ নিচের চিত্র দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. ধাতব পরিবাহী কী?

খ. এসিড মিশ্রিত পানিকে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলা হয় কেন? ব্যাখ্যা কর।

গ. উপরের কোষে অ্যানোডে সংঘটিত বিক্রিয়াটি ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে সংঘটিত বিক্রিয়ায় তড়িৎপ্রবাহের প্রয়োজনীয়তার যৌক্তিক ব্যাখ্যা দাও।

▶◀ ২নং প্রশ্নের উত্তর ▶◀

ক. --- যে সকল পরিবাহী ইলেকট্রন প্রবাহের মাধ্যমে বিদ্যুৎ প্রবাহিত করে তাদেরকে ধাতব বা ইলেকট্রনীয় পরিবাহী বলে।

খ. এসিড মিশ্রিত পানি হাইড্রোজেন আয়ন পরিবহনের মাধ্যমে বিদ্যুৎ পরিবহন করতে পারে বলে একে তড়িৎবিশ্লেষ্য পরিবাহী বলে।
বিদ্যুৎ প্রবাহ যদি পরিবাহীর আয়ন দ্বারা সাধিত হয় তাহলে ওইসব পরিবাহীকে তড়িৎবিশ্লেষ্য পরিবাহী বলে। যেমন : গলিত লবণ, এসিড, ক্ষার ও লবণের দ্রবণে ধাতব প্লাটিনাম (Pt) পাতের অ্যানোড ও ক্যাথোড ব্যবহার করে এসিড মিশ্রিত পানির মধ্যে বিদ্যুৎ প্রবাহিত করলে তা বিশ্লেষিত হয়ে হাইড্রোজেন এবং অক্সিজেন গ্যাস উৎপন্ন হয়।

গ. বিগলিত $MgCl_2$ আয়নিত অবস্থায় থাকে এবং তড়িৎ পরিবহনে সক্ষম। বিগলিত $MgCl_2$, Mg^{2+} ও Cl^- আয়ন উৎপন্ন করে যা নিম্নরূপে দেখানো যায়–

$$MgCl_2(aq) \longrightarrow Mg^{2+}(aq) + 2Cl^-(aq)$$

অ্যানোড ও ক্যাথোডের সাথে ব্যাটারির দুই প্রান্ত সংযুক্ত করা হলে অ্যানোডে জারণ সংঘটিত হয় এবং ক্লোরাইড আয়ন ইলেকট্রন ত্যাগ করে ক্লোরিন পরমাণুতে পরিণত হয়। এরূপ দুটি ক্লোরিন পরমাণু একে অপরের সাথে যুক্ত হয়ে ক্লোরিন গ্যাস উৎপন্ন করে।

অ্যানোড বিক্রিয়া : $2Cl^-(aq) - 2e^- \rightarrow 2Cl$ (জারণ)

$2Cl \rightarrow Cl_2(g)$

অ্যানোডে দান করা ইলেকট্রনগুলো ক্যাথোডে যায় এবং ম্যাগনেসিয়াম আয়নকে বিজারিত করে ম্যাগনেসিয়াম ধাতু উৎপন্ন করে।

ক্যাথোড বিক্রিয়া : $Mg^{2+} + 2e^- \rightarrow Mg$ (বিজারণ)

ঘ. --উপরের কোষটি একটি তড়িৎবিশ্লেষ্য কোষ। এই কোষে বিদ্যুৎ প্রবাহের ফলে নিম্নোক্ত রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়।

অ্যানোড বিক্রিয়া : $2Cl^- - 2e^- \rightarrow Cl_2$

ক্যাথোড বিক্রিয়া : $Mg^{2+} + 2e^- \rightarrow Mg$

বিগলিত $MgCl_2$ থেকে ম্যাগনেসিয়াম (Mg) ধাতু নিষ্কাশন করতে তড়িৎবিশ্লেষ্য কোষের প্রয়োজন হয়। আর তড়িৎবিশ্লেষ্য কোষের অন্যতম শর্ত হলো তড়িৎ প্রবাহ। কারণ তড়িৎ প্রবাহের ফলে ক্যাথোড ঋণাত্মক (–ve) চার্জে ও অ্যানোড ধনাত্মক (+ve) চার্জে চার্জিত হয়। ফলে বিগলিত $MgCl_2$ থেকে আয়ন Mg^{2+} ক্যাথোডে ইলেকট্রন গ্রহণ করে জমা হয় অপরদিকে অ্যানোডে ক্লোরাইড (Cl^-) আয়ন ক্লোরিন গ্যাস উৎপন্ন করে। যদি বিদ্যুৎ প্রবাহ না দেয়া হতো তাহলে কোনো রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হতো না। অর্থাৎ বিক্রিয়ার মাধ্যমে কাঙ্ক্ষিত Mg ও Cl_2 পাওয়ার জন্যই বিদ্যুৎ প্রবাহের প্রয়োজনীয়তা রয়েছে।

প্রশ্ন–৩ ▶



ক. COD কী? ১

খ. ক্ষার মিশ্রিত পানিকে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলা হয় কেন? ২

গ. উক্ত কোষ ব্যবহার করে বৈদ্যুতিক বাল্ব জ্বালানো যায়– ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্রে NH_4^+ ও NO_3^-এর গতির দিক বিপরীত হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

▶◀ ৩নং প্রশ্নের সমাধান ▶◀

ক.COD বলতে রাসায়নিক অক্সিজেনের চাহিদাকে বোঝায় যেটি পানিতে মোট কতটুকু রাসায়নিক দ্রব্য আছে তা বুঝানোর জন্য ব্যবহার করা হয়।

খ.ক্ষার মিশ্রিত পানিতে তড়িৎ প্রবাহ চালনা করলে তা বিভিন্ন আয়নে বিশ্লিষ্ট হয় বলে একে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলা হয়।

ক্ষারের জলীয় দ্রবণে হাইড্রক্সাইড আয়ন (OH^-) উপস্থিত থাকে। কঠিন অবস্থায় ক্ষারের আয়ন মুক্ত অবস্থায় থাকে না। এদের দ্রবীভূত করার সাথে সাথেই সম্পূর্ণরূপে আয়নিত হয়ে মুক্ত হাইড্রক্সাইড আয়ন (OH^-) উৎপন্ন করে। অর্থাৎ তড়িৎ চালনা করলে ক্ষার মিশ্রিত পানি নিম্নরূপে বিশ্লেষিত হয়।

$$KOH(s) + H_2O \longrightarrow K^+ + OH^-$$
$$NaOH(s) + H_2O \longrightarrow Na^+ + OH^-$$

অতএব, হাইড্রক্সাইড আয়নের জন্যই ক্ষারমিশ্রিত পানি বিদ্যুৎ পরিবহন করে। তাই একে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলা হয়।

গ.উদ্দীপকের চিত্রের শেষে রাসায়নিক শক্তি বিদ্যুৎশক্তিতে পরিণত হয়। এ ধরনের কোষে তড়িৎদ্বার বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে। শেষে উৎপন্ন বিদ্যুৎ শক্তি ব্যবহার করে বৈদ্যুতিক বাল্ব জানানো যায়।

চিত্রটিতে ক্যাথোড হিসেবে Pb দন্ড $PbSO_4$-এর জলীয় দ্রবণে ডুবানো থাকে। অন্য পাত্রে অ্যানোড হিসেবে Fe দন্ড $FeSO_4$-এর জলীয় দ্রবণে ডুবানো থাকে। পাত্রদ্বয়ের দ্রবণের মধ্যে সংযোগ স্থাপনের জন্য নিষ্ক্রিয় তড়িৎবিশ্লেষ্য (NH_4NO_3) দ্রবণপূর্ণ উল্টো U-আকৃতির টিউব দ্রবণদ্বয়ের মধ্যে ডুবানো হয়। Fe অ্যানোড নিজে ইলেকট্রন ছেড়ে বিযোজিত হয়ে দ্রবণে Fe^{2+} আয়ন হিসেবে দ্রবীভূত হয়। অপরদিকে, দ্রবণ থেকে $Pb^{2+}(aq)$ আয়ন ইলেকট্রন গ্রহণ করে ধাতব লেড (Pb) হিসেবে ক্যাথোডে জমা হয়। প্রকৃতপক্ষে, অ্যানোডে উৎপন্ন ইলেকট্রন তারের মাধ্যমে ক্যাথোডে পৌঁছে ইলেকট্রনের সমতা রক্ষা করে। তারের মাধ্যমে তড়িৎদ্বার দুটিকে সংযুক্ত করলেই অ্যানোড থেকে ক্যাথোডের দিকে ইলেকট্রন প্রবাহ তথা বিদ্যুৎ প্রবাহের সৃষ্টি হয়। এভাবে, উদ্দীপকের কোষ ব্যবহার করে বৈদ্যুতিক বাল্ব জ্বালানো সম্ভব।

ঘ.তড়িৎবিশ্লেষ্য (NH_4NO_3)-এর আয়নদ্বয় বিপরীতধর্মী হওয়ায় এরা পরস্পর বিপরীত দিকে গমন করে। আমরা জানি যে, কোনো একটি বিশেষ আয়ন (ধনাত্মক বা ঋণাত্মক) একা থাকতে পারে না। এজন্য, উদ্দীপকের চিত্রে NH_4^+ এবং NO_3^-এর গতির দিক বিপরীত।

কোনো ধনাত্মক আয়ন একটি ঋণাত্মক আয়নের উপস্থিতি ছাড়া তৈরি হয় না। উদ্দীপকের চিত্রে অ্যানোড পাত্রে উৎপন্ন $Fe^{2+}(aq)$ আয়নের সমতুল্য পরমাণ ঋণাত্মক আয়নের (NH_4^+) প্রয়োজন হয়। এজন্য, অ্যামোনিয়াম (NH_4^+) আয়নটি অ্যানোডের দিকে ধাবিত হয়।

অপরদিকে, ক্যাথোড পাত্রের দ্রবণ থেকে $Pb^{2+}(aq)$ আয়ন Pb হিসেবে জমা হওয়ার ফলে সমতুল্য পরিমাণ ঋণাত্মক আয়ন (SO_4^{2-}) সালফেট মুক্ত হবে। ফলে, একদিকে অ্যানোড পাত্রে ধনাত্মক আয়ন $Fe^{2+}(aq)$, অপরদিকে ক্যাথোড পাত্রে ঋণাত্মক আয়নের (সালফেট) আধিক্য ঘটবে। প্রকৃতপক্ষে, দুই পাত্রের মধ্যে আয়নের সমতা বজায় না থাকলে বিক্রিয়া ঘটবে না। ক্যাথোড ও অ্যানোডের পাত্রে উল্লেখিত আয়নদ্বয়ের সমতা রক্ষার জন্য চিত্রে NH_4^+ এবং NO_3^- আয়নদ্বয় পরস্পর বিপরীত দিকে গমন করে।

প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. আকরিক কাকে বলে? ১

খ. 'BOD' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রক্রিয়ায় কীভাবে লোহার উপরে ক্রোমিয়ামের প্রলেপ দেয়া হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রক্রিয়ার সাথে গ্যালভানিক কোষের তুলনা কর। ৪

▶◀ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. যে সকল খনিজ থেকে লাভজনকভাবে ধাতু নিষ্কাশন করা যায়, তাদেরকে আকরিক বলে।

খ. BOD বলতে Biological Oxygen Demand বা জৈব রাসায়নিক অক্সিজেনের চাহিদাকে বোঝায়।

বায়ুর উপস্থিতিতে পানিতে বিদ্যমান সকল জৈব বস্তুকে ভাঙতে বা জারিত করতে যে পরিমাণ অক্সিজেনের প্রয়োজন হয় তাই BOD। কোনো পানিতে BOD মান বেশি হলে ঐ পানি দূষিত হয়।

গ. উদ্দীপকের প্রক্রিয়ার সাহায্যে নিম্নলিখিত উপায়ে লোহার উপর ক্রোমিয়ামের প্রলেপ দেওয়া হয় :

i. লোহার দন্ডকে প্রথমে লঘু কস্টিক সোডা (NaOH) ও পরে লঘু সালফিউরিক এসিডে (H_2SO_4) ধুয়ে নিয়ে এর পৃষ্ঠতলকে পরিষ্কার করা হয়।

ii. কাচের পাত্রে $Cr_2(SO_4)_3$ এর দ্রবণ নিয়ে ক্রোমিয়াম ধাতুর দন্ডকে অ্যানোডরূপে এবং লোহার দন্ডকে ক্যাথোডরূপে ঐ দ্রবণে নিমজ্জিত রাখা হয়। দ্রবণে ক্রোমিয়াম (Cr^{3+}) আয়নের পরিমাণ যেন হ্রাস না পায় সেজন্য ক্রোমিয়ামের তৈরি অ্যানোড ব্যবহার করা হয়।

iii. ব্যাটারি থেকে বিদ্যুৎ চালনা করলে ক্যাথোডরূপী লোহার দন্ডের উপর ক্রোমিয়াম ধাতুর প্রলেপ পড়ে। অ্যানোড ও ক্যাথোডে সংঘটিত রাসায়নিক বিক্রিয়াগুলো নিম্নরূপ :

তড়িৎ বিশ্লেষ্যের বিয়োজন : $Cr_2(SO_4)_{3(aq)} \rightarrow Cr^{3+}_{(aq)} + SO_4^{2-}{}_{(aq)}$

অ্যানোড জারণ : $Cr_s \rightarrow Cr^{3+}_{(aq)} + 3e^-$

ক্যাথোডে বিজারণ : $Fe^{2+}_{(aq)} + 2e^- \rightarrow Fe_{(s)}$

ঘ. উদ্দীপকের প্রক্রিয়াটি তড়িৎ বিশ্লেষ্য কোষের একটি উদাহরণ। তড়িৎ বিশ্লেষ্য কোষ এবং গ্যালভানিক কোষের মধ্যে তুলনামূলক বৈশিষ্ট্যগুলো নিচে তুলে ধরা হলো :

তড়িৎবিশ্লেষ্য কোষ	গ্যালভানিক কোষ
(i) যে কোষে তড়িৎ বিশ্লেষণ করা হয় তাকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলা হয়।	(i) গ্যালভানিক কোষ এক ধরনের তড়িৎ রাসায়নিক কোষ যার মাধ্যমে রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি তৈরি করা যায়।

(ii) বিদ্যুৎশক্তি, রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।	(ii) রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎ উৎপন্ন হয়। তাই রাসায়নিক শক্তি বিদ্যুৎশক্তিতে রূপান্তরিত হয়।
(iii) তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ায় উৎপন্ন আয়নসমূহ বিদ্যুতের প্রবাহে সহায়তা করে।	(iii) তড়িৎ রাসায়নিক কোষে জারণ–বিজারণ বিক্রিয়ার মাধ্যমে ইলেকট্রনের প্রবাহ করা হয়।
(iv) বিদ্যুতের প্রবাহ, অ্যানায়নের প্রবাহের দিকে হয়।	(iv) বিদ্যুতের প্রবাহের বিপরীত দিকে ইলেকট্রনের প্রবাহ হয়।
(v) কিছু পদার্থের শিল্প উৎপাদনের উৎস হিসেবে ব্যবহৃত হয়।	(v) এটি শক্তির এক প্রকার উৎস।

প্রশ্ন–৫ ▶



ক. ইলেকট্রোপ্লেটিং কাকে বলে? ১

খ. ধাতব পরিবাহীকে ইলেকট্রনীয় পরিবাহী বলা হয় কেন? ২

গ. উপরের কোষে সংঘটিত বিক্রিয়া ব্যাখ্যা কর। ৩

● তাপ উৎপাদী বিক্রিয়া খ তাপহারী বিক্রিয়া
গ প্রশমন বিক্রিয়া ঘ রেডক্স বিক্রিয়া

৫৪. তাপ উৎপাদী বিক্রিয়ায় বিক্রিয়ক ও উৎপাদের শক্তির সম্পর্ক কোনটি? (অনুধাবন)

● বিক্রিয়কের মোট শক্তি > উৎপাদের মোট শক্তি

ⓚ বিক্রিয়কের মোট শক্তি < উৎপাদের মোট শক্তি

ⓖ বিক্রিয়কের মোট শক্তি ≥ উৎপাদের মোট শক্তি

ⓘ বিক্রিয়কের মোট শক্তি = উৎপাদের মোট শক্তি

৫৫. চুন পানিতে দিলে– (অনুধাবন)

i. তাপ উৎপন্ন হয়

ii. তাপ শোষিত হয়

iii. ΔH ঋণাত্মক হয়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ ii ও iii

৫৬. $C(s) + O_2(g) \rightarrow CO_2(g); \Delta H = 394$ kJ এ বিক্রিয়ায়– (উচ্চতর দক্ষতা)

i. 1 মোল C, 1 মোল O_2–এর সাথে বিক্রিয়া করে 1 মোল কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন করে

ii. 394 কিলোজুল তাপ শোষিত হয়

iii. একটি তাপ উৎপাদী বিক্রিয়া

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৫৭. খাবার সোডা ও ভিনেগারের বিক্রিয়ায়–

i. তাপের শোষণ ঘটে

ii. কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হয়

iii. বিক্রিয়া মিশ্রণে তাপমাত্রা বাড়তে দেখা যায়

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৫৮. তাপ উৎপাদী বিক্রিয়ার উদাহরণ– (অনুধাবন)

i. $C(s) + O_2(g) \rightarrow CO_2(g) +$ তাপ

ii. $CaO(s) + H_2O(l) \rightarrow Ca(OH)_2(aq) +$ তাপ

iii. $2H_2(g) + O_2(g) \rightarrow 2H_2O(l) +$ তাপ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৫৯. তাপহারী বিক্রিয়ার উদাহরণ– (অনুধাবন)

i. $NaHCO_3(aq) + CH_3COOH(aq) \rightarrow CH_3COONa(aq) + CO_2(g) + H_2O(l)$

ii. $N_2(g) + O_2(g) \rightarrow 2NO$

iii. $N_2(g) + 3H_2(g) \rightarrow 2NH_3(g)$

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

নিচের চিত্র দেখে ৬২ ও ৬৩ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র–১ চিত্র–২

৬০. উদ্দীপকের চিত্র–১ এর শক্তি চিত্র কোন ধরনের বিক্রিয়ার?(অনুধাবন)

● তাপ উৎপাদী ⓚ তাপহারী

ⓖ প্রশমন ⓖ অধঃক্ষেপণ

৬১. চিত্র–২ এর ক্ষেত্রে– (উচ্চতর দক্ষতা)

i.বিক্রিয়ায় তাপের শোষণ ঘটে

ii. ΔH-এর মান ধনাত্মক

iii. উৎপাদের মোট শক্তি > বিক্রিয়কের মোট শক্তি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

নিচের চিত্র থেকে ৬৪ ও ৬৫ নং প্রশ্নের উত্তর দাও :



৬২. ২ থেকে ৩–এ পরিণত হওয়ার সময় কী ঘটে? (উচ্চতর দক্ষতা)

ⓚ আন্তঃআণবিক শক্তি বাড়ে ● আন্তঃআণবিক শক্তি কমে

ⓖ আন্তঃআণবিক দূরত্ব কমে ⓖ ভরের পরিবর্তন ঘটে

৬৩. কী ভেদে চিত্রের এরূ প পরিবর্তন ঘটে? (অনুধাবন)

● অবস্থা ভেদে ⓚ গঠন ভেদে

ⓖ পদার্থ ভেদে ⓖ রূপভেদে

নিচের চিত্রদ্বয় লৰ কর এবং ৬৬ ও ৬৭নং প্রশ্নের উত্তর দাও :



৬৪. ১নং চিত্রের বেলায় কোনটি প্রযোজ্য? (উচ্চতর দক্ষতা)

● বিক্রিয়কের মোট শক্তি উৎপাদের মোট শক্তি অপেক্ষা বেশি

ⓚ বিক্রিয়কের মোট শক্তি উৎপাদের মোট শক্তি অপেক্ষা কম

ⓖ বিক্রিয়কের মোট শক্তি উৎপাদের মোট শক্তির সমানুপাতিক

ⓖ বিক্রিয়ক এবং উৎপাদের শক্তির ভারসাম্যে ভিন্নতা আছে

৬৫. ২নং চিত্রে সংঘটিত বিক্রিয়ার উদাহরণ– (প্রয়োগ)

i. $C(s) + O_2(g) \longrightarrow CO_2(g)$

ii. $NaHCO_3(aq) + CH_3COOH(aq) \longrightarrow CH_3COONa(aq) + CO_2(g) + H_2O(l)$

iii. $N_2(g) + O_2(g)$ L $2NO(g)$

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

নিচের বিক্রিয়াটি দেখে ৬৮ ও ৬৯ নং প্রশ্নের উত্তর দাও :

$CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(g), \Delta H = -890$ kJ

৬৬. প্রদত্ত বিক্রিয়ায় কী ঘটেছে? (প্রয়োগ)

● C – H বন্ধন ভাঙে ও C = O বন্ধন গড়ে

খ C – O বন্ধন ভাঙে ও C = O বন্ধন গড়ে

গ H – H বন্ধন ভাঙে ও O – O বন্ধন গড়ে

ঘ C – O বন্ধন ভাঙে ও C = O বন্ধন গড়ে

৬৭. উক্ত বিক্রিয়াটি কোন ধরনের বিক্রিয়া? (উচ্চতর দক্ষতা)

● তাপ উৎপাদী খ তাপহারী

গ সংশ্লেষণ ঘ প্রশমন

৬৮. মিথেনের দহনের ক্ষেত্রে কোনটি ঘটে? (উচ্চতর দক্ষতা)

ক কার্বন–কার্বন বন্ধন ভেঙে যায়

খ কার্বন–কার্বন বন্ধন সৃষ্টি হয়

গ কার্বন–হাইড্রোজেন বন্ধন সৃষ্টি হয়

● কার্বন–অক্সিজেন বন্ধন সৃষ্টি হয়

৬৯. দহন কী? (অনুধাবন)

ক আগুনে পোড়ানো ● O_2 দ্বারা জারণ

গ বাতাসে পোড়ানো ঘ O_2 তৈরি করা

৭০. C ও H সমৃদ্ধ জৈব যৌগের দহনে কী তৈরি হয়? (প্রয়োগ)

ক CO_2, H_2 খ CO, H_2O

গ C_6H_6, H_2O ● CO_2, H_2O

৭১. দহনের ফলে CH_4 এর C-H বন্ধন ভেঙে কী ধরনের বন্ধন গঠিত হয়? (অনুধাবন)

ক C–O খ H–O

● C–O ও H–O ঘ H–H ও C–H

৭২. কোনো জিনিস পোড়ালে কী উৎপন্ন হয়? (জ্ঞান)

ক তাপ ● তাপ ও আলো

গ আলো ঘ শক্তি

৭৩. জ্বালানি পোড়ালে সৃষ্ট তাপ ও আলোক কী হিসেবে চারদিকে ছড়িয়ে পড়ে? (প্রয়োগ)

ক অবলোহিত রশ্মি খ রঞ্জন রশ্মি

● তড়িৎ–চুম্বকীয় রশ্মি ঘ লেজার রশ্মি

৭৪. তমার বাসায় প্রাকৃতিক গ্যাস পুড়িয়ে রান্না হয়। এতে কী সৃষ্টি হয়? (প্রয়োগ)

ক রাসায়নিক শক্তি খ শব্দ শক্তি

গ যান্ত্রিক শক্তি ● তাপ ও আলোক শক্তি

৭৫. বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে টারবাইন ঘুরানো হয়। টারবাইন ঘোরানোর ফলে কী শক্তির উদ্ভব হয়? (প্রয়োগ)

ক আলোক শক্তি খ যান্ত্রিক শক্তি

● বিদ্যুৎ শক্তি ঘ তাপ শক্তি

৭৬. **মিথেন গ্যাসে কখন আগুন ধরে?** (জ্ঞান)

ক হাইড্রোজেনের সংস্পর্শে এলে খ কার্বনের সংস্পর্শে এলে

গ নাইট্রোজেনের সংস্পর্শে এলে ● অক্সিজেনের সংস্পর্শে এলে

৭৭. **জ্বালানির দহনে উৎপন্ন আলো ও তাপ তড়িৎ-চুম্বকীয় রশ্মি হিসেবে চারদিকে ছড়িয়ে পড়ে কেন?** (উচ্চতর দক্ষতা)

● বিক্রিয়কের মোট শক্তি উৎপাদের মোট শক্তি অপেক্ষা বেশি বলে

খ বিক্রিয়কের মোট শক্তি উৎপাদের মোট শক্তি অপেক্ষা কম বলে

গ বিক্রিয়কে রাসায়নিক শক্তি অধিক সঞ্চিত থাকে বলে

ঘ উৎপাদে রাসায়নিক শক্তি অধিক সঞ্চিত থাকে বলে

৭৮. **হাইড্রোজেন ফুয়েল সেল কী?** (অনুধাবন)

● এক ধরনের তড়িৎ বিশ্লেষ্য কোষ

খ এক ধরনের গ্যালভানিক কোষ

গ এক ধরনের তাপ ইঞ্জিনে ব্যবহৃত টারবাইন

ঘ এক ধরনের জ্বালানি কোষ

৭৯. **তড়িৎ বিশ্লেষণ বিক্রিয়ার সাহায্যে সরাসরি বিদ্যুৎ উৎপাদন করা যায়–** (অনুধাবন)

ক গ্যালভানিক সেলে ● হাইড্রোজেন ফুয়েল সেলে

গ ড্রাইসেলে ঘ লেড স্টোরেজ ব্যাটারিতে

৮০. **প্রাকৃতিক গ্যাসের দহনের বিক্রিয়া কোনটি?** (অনুধাবন)

● $CH_4 + O_2 \longrightarrow CO_2 + 2H_2O + \Delta$

খ $CH_4 + Cl_2 \longrightarrow CH_3Cl + HCl$

গ $CH_4 + O_2 \longrightarrow CO + H_2O + H_2$

ঘ $CH_4 + O_2 \longrightarrow CO_2 + H_2O$

৮১. **ড্রাইসেলের সাহায্যে টর্চ জ্বালানো হয়। এটি শক্তির কোন রূপান্তরের উদাহরণ?** (প্রয়োগ)

● বিদ্যুৎ শক্তি থেকে আলোকশক্তি

খ আলোক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি

গ রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি

ঘ বিদ্যুৎ শক্তি থেকে রাসায়নিক শক্তি

৮২. **কয়লা পোড়ালে রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে কী উৎপন্ন হয়?** (জ্ঞান)

● কার্বন কণা খ CO_2

গ বিদ্যুৎ ঘ ধাতু

৮৩. **রাসায়নিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা যায়–** (প্রয়োগ)

i. ড্রাইসেল ও লেড স্টোরেজ ব্যাটারির সাহায্যে

ii. ড্যানিয়াল সেল ও হাইড্রোজেন ফুয়েল সেলের সাহায্যে

iii. গ্যালভানোমিটার ও অ্যামিটারের সাহায্যে

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮৪. **রাসায়নিক শক্তি থেকে তাপ ও আলোক শক্তি পরিবর্তনের উদাহরণ–** (অনুধাবন)

i. $C(s) + O_2(g) \rightarrow CO_2(g)$ + তাপ

ii. $CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(l)$ + তাপ

iii. $2H_2(g) + O_2(g) \rightarrow 2H_2O(l)$ + তাপ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

নিচের চিত্র দেখে ৮৭ ও ৮৮ নং প্রশ্নের উত্তর দাও :

চিত্র : জ্বলন্ত মোমবাতি

৮৫. **চিত্রের দ্বারা–** (উচ্চতর দক্ষতা)

i. তাপশক্তি ও আলোকশক্তি উৎপন্ন হয়

ii. CO_2 ও H_2O উৎপন্ন হয়

iii. অক্সিজেন যুক্ত পদার্থের সৃষ্টি হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৮৬. **চিত্রের ঘটনাটি কোন ধরনের বিক্রিয়ার উদাহরণ?** (অনুধাবন)

● তাপউৎপাদী খ তাপহারী

গ অধঃক্ষেপণ ঘ প্রশমন

নিচের বিক্রিয়াটি লৰ কর এবং ৮৯ ও ৯০ নং প্রশ্নের উত্তর দাও :

$CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(l)$ + তাপ

৮৭. **বিক্রিয়ায় কোন বন্ধনগুলোর ভাঙন ঘটেছে?** (অনুধাবন)

ক চারটি C – H ও দুটি C = O খ চারটি C– H ও দুটি H = O

গ দুটি C = O ও দুটি H = O ● চারটি C–H ও দুটি O = O

৮৮. **এ বিক্রিয়াটির ৰেত্রে প্রযোজ্য–** (উচ্চতর দক্ষতা)

i. বিক্রিয়াটি তাপউৎপাদী

ii. বিক্রিয়কের মোট শক্তি > উৎপাদের মোট শক্তি

iii. CH_4 এর জারণ ঘটেছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৮৯. **কোনটি খনিজ জ্বালানি নয়?** (অনুধাবন)

ক কয়লা খ পেট্রোলিয়াম

গ প্রাকৃতিক গ্যাস ● মোম

৯০. **কোনটি খনিজ জ্বালানি?** (অনুধাবন)

ক লাকড়ি ● কয়লা

গ কাঠ ঘ অক্সিজেন

৯১. **কী ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হয়?** (জ্ঞান)

● খনিজ জ্বালানি খ হাইড্রোজেন

গ অক্সিজেন ঘ নাইট্রোজেন

৯২. **নিচের কোন শক্তির প্রভাব মানুষের জীবনে সবচেয়ে বেশি?** (জ্ঞান)

● বিদ্যুৎ শক্তি ⓚ রাসায়নিক শক্তি
ⓖ যান্ত্রিক শক্তি ⓘ পারমাণবিক শক্তি

৯৩. কাজ করার ক্ষমতাকে মূলত কী বলে? (জ্ঞান)

● শক্তি ⓚ ক্ষমতা
ⓖ তাপ ⓘ সামর্থ্য

৯৪. সিরামিকস জাতীয় কারখানায় কোনটি ব্যবহৃত হয়? (অনুধাবন)

ⓚ আলোক শক্তি ● তাপ শক্তি
ⓖ চুম্বক শক্তি ⓘ শব্দ শক্তি

৯৫. কোনটি fossil fuel এর উদাহরণের সাথে ভিন্নতা দেখায়? (অনুধাবন)

ⓚ কয়লা ⓚ পেট্রোলিয়াম
ⓖ প্রাকৃতিক গ্যাস ● বায়োগ্যাস

৯৬. আধুনিককালে সবচেয়ে জনপ্রিয় শক্তির উৎস কাকে বলা হয়? (জ্ঞান)

ⓚ রাসায়নিক শক্তি ● বিদ্যুৎ শক্তি
ⓖ যান্ত্রিক শক্তি ⓘ গতি শক্তি

৯৭. কীভাবে বিদ্যুৎ উৎপাদন করা হয়? (উচ্চতর দক্ষতা)

ⓚ যান্ত্রিক শক্তিকে আলোক শক্তিতে রূপান্তরিত করে
● তাপ শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে
ⓖ তাপশক্তিকে আলোক শক্তিতে রূপান্তরিত করে
ⓘ চুম্বক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে

৯৮. বৈদ্যুতিক বাল্বের মধ্য দিয়ে বিদ্যুৎপ্রবাহ চালনা করলে বিদ্যুৎশক্তি রূ পান্তরিত হয়– (প্রয়োগ)

● আলোক শক্তিতে ⓚ তাপশক্তিতে
ⓖ যান্ত্রিক শক্তিতে ⓘ রাসায়নিক শক্তিতে

৯৯. নিচের কোনটির জন্য খনিজ জ্বালানি পোড়ানো যায়? (অনুধাবন)

● C ও H-এর জন্য ⓚ C ও N-এর জন্য
ⓖ C,H ও O-এর জন্য ⓘ C, H, O ও N-এর জন্য

১০০. তাপশক্তি ব্যবহার করা হয়– (প্রয়োগ)

i. কলকারখানায় কাঁচামাল গলাতে
ii. মাটি দিয়ে বিভিন্ন জিনিসপত্র তৈরিতে
iii. লৌহ ও ইস্পাত কারখানায়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও iii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

১০১. কয়লা, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস পোড়ালে রাসায়নিক শক্তি রূপান্তরিত হয়– (অনুধাবন)

i. শব্দ শক্তিতে
ii. তাপশক্তিতে
iii. আলোকশক্তিতে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৪ ও ১০৫ নং প্রশ্নের উত্তর দাও :

কাগজ, পেট্রোল, স্পিরিট, কেরোসিন প্রভৃতি দাহ্য বস্তুতে তাপ প্রয়োগ করলে বায়ুর সংস্পর্শে এরা জ্বলে ওঠে।

১০২. এখানে কোন শক্তির উদ্ভব ঘটে? (প্রয়োগ)

ⓚ তাপশক্তি ⓚ আলোক শক্তি

● তাপ ও আলোক শক্তি ঘ) বিদ্যুৎশক্তি

১০৩. এসব শক্তির মূল উপাদান– (অনুধাবন)

i. কার্বন
ii. হাইড্রোজেন
iii. অক্সিজেন

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদ পড়ে ১০৬ ও ১০৭ নং প্রশ্নের উত্তর দাও :

কৃষক বকর ট্রাক্টরের তাপ ইঞ্জিনে ডিজেল পুড়িয়ে জমি চাষ করে।

১০৪. বকরের ব্যবহৃত যন্ত্রে কী শক্তি সঞ্চিত থাকে? (প্রয়োগ)

● রাসায়নিক শক্তি খ) গতিশক্তি
গ) আণবিক শক্তি ঘ) আলোক শক্তি

১০৫. বকরের ব্যবহৃত জ্বালানি থেকে পাওয়া শক্তিকে কাজে লাগানো যায়– (প্রয়োগ)

i. বিদ্যুৎ উৎপাদনে
ii. লৌহ ও ইস্পাত শিল্পে
iii. সিরামিকস কারখানায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

১০৬. জীবাশ্ম জ্বালানিতে কোন শক্তি সঞ্চিত থাকে? (জ্ঞান)

ক) তাপ শক্তি খ) আলোক শক্তি
গ) আণবিক শক্তি ● সৌরশক্তি

১০৭. পেট্রোল, প্রাকৃতিক গ্যাস, কয়লা ইত্যাদি কী? (অনুধাবন)

ক) রাসায়নিক পদার্থ খ) ভৌত পদার্থ
● উদ্দিদ ও প্রাণিজাত পদার্থ ঘ) জৈব ও অজৈব পদার্থ

১০৮. জীবাশ্ম জ্বালানি অপচয় করা উচিত নয় কেন? (উচ্চতর দক্ষতা)

ক) অফুরন্ত বলে খ) সীমিত বলে
গ) নবায়নযোগ্য বলে ● নবায়ন অযোগ্য বলে

১০৯. পানি + কার্বন ডাইঅক্সাইড → শর্করা + অক্সিজেন এ বিক্রিয়াটি সালোকসংশ্লেষণের। এটি সম্পন্ন করার জন্য কী প্রয়োজন? (প্রয়োগ)

● ক্লোরোফিল ও সূর্যের আলো খ) রাসায়নিক শক্তি ও গতিশক্তি
গ) যান্ত্রিক শক্তি ও স্থিতি শক্তি ঘ) দহন শক্তি ও তাপশক্তি

১১০. উদ্ভিদ সূর্য থেকে শক্তি তার দেহে কী প্রক্রিয়ায় সঞ্চয় করে? (জ্ঞান)

ক) শ্বসন খ) প্রস্বেদন
● সালোকসংশ্লেষণ ঘ) ব্যাপন

১১১. শক্তির কোন উৎসটির মজুদ ক্রমশ কমছে? (অনুধাবন)

ক) বায়ু খ) সৌরবিদ্যুৎ
● জীবাশ্ম জ্বালানি ঘ) নিউক্লিয়ার শক্তি

১১২. সাংগু কী? (জ্ঞান)

● গ্যাসক্ষেত্র খ) কয়লাখনি
গ) ঐতিহাসিক স্থান ঘ) প্রত্নতাত্ত্বিক স্থান

১১৩. জীবাশ্ম জ্বালানির মজুদ আনুমানিক কত বছরে শেষ হয়ে যাবে? (জ্ঞান)

● ১০০ খ) ২০০

গ ৩০০ ঘ ৪০০

১১৪. জীবাশ্ম জ্বালানি সৃষ্টির রহস্য কী? (জ্ঞান)

ক ভূমিকম্প ● উদ্দিদ ও প্রাণীর মৃতদেহ

গ আগ্নেয়গিরি ঘ ভৌগোলিক পরিবর্তন

১১৫. কোন প্রক্রিয়ার মাধ্যমে উদ্ভিদ খাদ্য তৈরি করে? (জ্ঞান)

ক প্রস্বেদন খ ইমবাইবিশন

● সালোকসংশ্লেষণ ঘ মাটিতে নাইট্রোজেন সংবন্ধন

১১৬. জীবাশ্ম জ্বালানি দ্রুত শেষ হয়ে যাওয়ার কারণ কী? (অনুধাবন)

ক উৎপাদনের হার বেশি

খ মজুদের হার কম

● খরচের হার মজুদের হারের তুলনায় বেশি

ঘ জ্বালানি অপচয়ের হার বেশি

১১৭. কোন শক্তি আমাদের চাহিদার সিংহভাগ জোগান দিয়ে থাকে? (অনুধাবন)

● খনিজ জ্বালানি খ সৌরশক্তি

গ বায়োগ্যাস ঘ পানি শক্তি

১১৮. আমরা বিকল্প শক্তির সন্ধান করছি কেন? (উচ্চতর দক্ষতা)

ক জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে

● প্রচলিত শক্তি নিঃশেষ হয়ে যাচ্ছে

গ জমির উর্বরতা কমে যাচ্ছে

ঘ আবহাওয়ায় বিপর্যয় নেমে আসছে

১১৯. জীবাশ্ম জ্বালানি কী ধরনের যৌগ? (জ্ঞান)

ক S ও O খ H ও N

● C ও O ঘ P ও S

১২০. রাসায়নিক শক্তি ব্যবহারে আমাদের করণীয় কী? (উচ্চতর দক্ষতা)

ক টেকসই উন্নয়ন করা

খ সুষম ব্যবহার নিশ্চিত করা

গ নবায়ন যোগ্য উৎসের সন্ধান করা

● পরিমিত ব্যয় করা

১২১. আমাদের শক্তি চাহিদার সিংহভাগ জোগান দেয় কোনটি?(অনুধাবন)

ক উদ্দিজ্জ জ্বালানি খ প্রাকৃতিক জ্বালানি

● জীবাশ্ম জ্বালানি ঘ বারিমন্ডল

১২২. রাসায়নিক শক্তি ব্যবহারে সচেতন হওয়া দরকার–(উচ্চতর দক্ষতা)

i. শক্তির পরিমাণ নির্দিষ্ট ও অপরিবর্তনীয় বলে

ii. শক্তির চাহিদা দিন দিন বাড়ছে বলে

iii. জীবাশ্ম জ্বালানির পরিমাণ সীমিত বলে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১২৩. জীবাশ্ম জ্বালানি হলো– (অনুধাবন)

i. সূর্য থেকে প্রাপ্ত শক্তি

ii. ভূপৃষ্ঠের সঞ্চিত শক্তি

iii. রাসায়নিক বিক্রিয়ায় প্রাপ্ত শক্তি

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৬ ও ১২৭নং প্রশ্নের উত্তর দাও :

কাঠ কয়লা, খনিজ তেল, প্রাকৃতিক গ্যাস, পেট্রোল, ডিজেল, কেরোসিন, গাছের শুকনো পাতা ইত্যাদিকে আমরা জ্বালানি হিসেবে ব্যবহার করি। জীব থেকে উৎপত্তি বলে এসব জ্বালানিকে জীবাশ্ম জ্বালানি বলে।

১২৪. উক্ত জ্বালানির উপাদান কী কী? (জ্ঞান)

● কার্বন ও হাইড্রোজেন ⓚ কার্বন ও অক্সিজেন
ⓖ মিথেন ও কার্বন ⓖ মিথেন ও হাইড্রোজেন

১২৫. উক্ত জ্বালানি সংকট নিরসনে ভূমিকা রাখতে পারে— (উচ্চতর দক্ষতা)

i. বায়োগ্যাস ও সৌরশক্তি
ii. বায়ুশক্তি ও পারমাণবিক শক্তি
iii. বিদ্যুৎশক্তি ও যান্ত্রিক শক্তি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii ● i ও ii ⓖ i, ii ও iii

১২৬. উদ্ভিদ সালোকসংশ্লেষণ সম্পন্ন করার জন্য কোন গ্যাস শোষণ করে? (অনুধাবন)

● CO_2 ⓚ CO
ⓖ O_2 ⓖ SO_3

১২৭. নিচের কোনটি বিশুদ্ধ জ্বালানি থেকে সৃষ্টি হয়? (অনুধাবন)

ⓚ CO ● CO_2
ⓖ NO_2 ⓖ N_2O

১২৮. যানবাহন থেকে নির্গত ধোঁয়ায় কোনটি থাকে না? (অনুধাবন)

ⓚ CO ⓚ CO_2
ⓖ N_2O ● NO_2

১২৯. কোনটি বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি সৃষ্টি করে? (জ্ঞান)

● SO_2 ⓚ CO_2
ⓖ CO ⓖ N_2O

১৩০. সালফার ডাইঅক্সাইড এবং নাইট্রিক অক্সাইড বৃষ্টির পানির সাথে মিশে কী তৈরি করে? (জ্ঞান)

ⓚ শিলা বৃষ্টি ● এসিড বৃষ্টি
ⓖ ক্ষার বৃষ্টি ⓖ বজ্র বৃষ্টি

১৩১. যানবাহন ও কলকারখানার কালো ধোঁয়ায় কী কী গ্যাস থাকে? (জ্ঞান)

ⓚ H_2, CO, SO_2 ⓚ CO_2, CO,
ⓖ CaO, CO_2, MgO ● CO, CO_2, SO_2

১৩২. অপর্যাপ্ত বায়ুতে জ্বালানি পোড়ালে কী তৈরি হয়? (প্রয়োগ)

ⓚ C ● CO
ⓖ CO_3 ⓖ H_2O

১৩৩. ফটোক্যামিক্যাল ধোঁয়ায় কী কী গ্যাস থাকে? (অনুধাবন)

ⓚ CO, NO, CH ● CO, N_2O, CH_4
ⓖ CO_2, NO_2, CH_4 ⓖ CH_4, CO_2, N_2O_3

১৩৪. অক্সিজেনের তিনটি পরমাণু মিলে কী তৈরি হয়? (প্রয়োগ)

ⓚ এক অণু অক্সিজেন ● এক অণু ওজোন
ⓖ এক অণু অক্সাইড ⓖ এক অণু পানি

১৩৫. ফটোক্যামিক্যাল ধোঁয়ার পতিক্রিয়া কী? (উচ্চতর দক্ষতা)

ⓚ বায়ুমন্ডলের তাপমাত্রা কমে যায়
ⓚ বায়ুমন্ডলের তাপমাত্রা বেড়ে যায়

গ) বায়ুমন্ডলে অক্সিজেনের পরিমাণ বেড়ে যায়
● ওজোনস্তরের মারাত্মক ক্ষয়সাধন হয়

১৩৬. যানবাহনের ধোঁয়া থেকে কোন গ্যাস নির্গত হয়? (অনুধাবন)

ক) CO_2 ও SO_2 ● CO, N_2O ও CH_4
গ) H_2 ও N_2 ঘ) SO_3 ও H_2SO_3

১৩৭. কাঠ, প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়াম পোড়ালে কী উৎপন্ন হয়? (জ্ঞান)

● CO_2 গ্যাস, পানি ও তাপ খ) CO_2 ও CO গ্যাস
গ) পানি ও তাপ ঘ) CO, CO_2 ও CH_4 গ্যাস

১৩৮. CO, N_2O ও অব্যবহৃত মিথেন বায়ুতে মিশে– (প্রয়োগ)

i. ফটোকেমিক্যাল ধোঁয়া সৃষ্টি করে
ii. বিশুদ্ধ জ্বালানিতে পরিণত হয়
iii. ওজোন স্তরের ব্যাপক ক্ষতি করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪১ ও ১৪২ নং প্রশ্নের উত্তর দাও :

শিল্প কারখানা থেকে SO_2 ও NO_2 গ্যাসগুলো নির্গত হয়ে বায়ুকে দূষণ করছে। বায়ুমন্ডলে এসব গ্যাস বৃষ্টির পানির সাথে মিশে H_2SO_4 ও HNO_3 এ পরিণত হয়। বৃষ্টির পানির সাথে এ এসিডগুলো ভূপৃষ্ঠে এসে পতিত হলে একে এসিড বৃষ্টি বলে।

১৩৯. এ ধরনের ঘটনা কোথায় ঘটে? (প্রয়োগ)

ক) গ্রামীণ অঞ্চলে খ) পাহাড়ি অঞ্চলে
গ) বনাঞ্চলে ● শিল্পাঞ্চলে

১৪০. উক্ত ঘটনার প্রভাবে– (উচ্চতর দক্ষতা)

i. মাটির খনিজ লবণ ধুয়ে যায়
ii. প্রাণী ও উদ্দিদদেহে বিষক্রিয়া সৃষ্টি হয়
iii. পরিবেশ দূষণ থেকে রক্ষা পায়

নিচের কোনটি সঠিক?

ক) i ● i ও ii গ) iii ঘ) i ও iii

১৪১. দিনে দিনে পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাওয়াকে কী বলা হয়? (জ্ঞান)

● বৈশ্বিক উষ্ণায়ন খ) গ্রিন হাউজ গ্যাস
গ) ওজোনস্তর ঘ) আকস্মিক বিপর্যয়

১৪২. গ্রিন হাউজ প্রভাবের ফলে কী হয়? (অনুধাবন)

ক) বায়ুমন্ডলের তাপমাত্রা কমে যায়
● বায়ুমন্ডলের তাপামাত্রা বেড়ে যায়
গ) বায়ুমন্ডলের O_2–এর পরিমাণ বেড়ে যায়
ঘ) বায়ুর আর্দ্রতা হ্রাস পায়

১৪৩. গাছ সালোকসংশ্লেষণের জন্য বায়ু থেকে কী গ্রহণ করে? (জ্ঞান)

ক) O_2 খ) N_2
● CO_2 ঘ) NH_3

১৪৪. বর্তমান সময়ে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির হার অব্যাহত থাকার জন্য কোনটি দায়ী? (অনুধাবন)

● CO_2 খ) O_3
গ) N_2O ঘ) NH_3

১৪৫. সূর্য থেকে আসা ক্ষতিকর অতিবেগুনি রশ্মি পৃথিবীতে প্রবেশের সুযোগ তৈরি হওয়ার কারণ কী? (অনুধাবন)

ক) CO_2 গ্যাস বৃদ্ধি খ) N_2O গ্যাস বৃদ্ধি
গ) NH_3 গ্যাস বৃদ্ধি ● ওজোনস্তর নষ্ট করা

১৪৬. **Global warming-এর জন্য CO_2 গ্যাস দায়ী কেন?** (উচ্চতর দক্ষতা)

● এর তাপধারণ ক্ষমতা বেশি ⓚ এর যৌগ গঠন করার ক্ষমতা বেশি

ⓖ এ গ্যাস ওজনে ভারী ⓖ উদ্দিদকুলের নিধন

১৪৭. **পৃথিবীপৃষ্ঠে Ultra-Violet ray আসতে বাধা প্রদান করে কোনটি?** (জ্ঞান)

ⓚ আয়নোস্ফিয়ার ● ওজোন

ⓖ CO_2 ⓖ O_2

১৪৮. **বায়ুমণ্ডলে CO_2–এর পরিমাণ বৃদ্ধির কারণ কী?** (অনুধাবন)

ⓚ এর তাপ ধারণ ক্ষমতা বেশি ⓚ এ গ্যাস ওজনে হালকা

● নির্বিচারে উদ্দিদ নিধন ⓖ এর রাসায়নিক সক্রিয়তা অত্যধিক

১৪৯. **জ্বালানির দহনে প্রাপ্ত কোন গ্যাসটি উদ্ভিদের জন্য অপরিহার্য?** (অনুধাবন)

ⓚ CO ● CO_2

ⓖ SO_2 ⓖ NO

১৫০. **আমাদের দেশে ঋতুচক্রের পরিবর্তনের জন্য দায়ী কোনটি?**(অনুধাবন)

● গ্রিন হাউজ গ্যাস ⓚ ওজোন গ্যাস

ⓖ শিল্পায়ন ⓖ কার্বন ডাইঅক্সাইড

১৫১. **বায়ুমণ্ডলে সূর্যের আলোর ছাকনি হিসেবে কাজ করে কোন গ্যাস?** (জ্ঞান)

ⓚ CO_2 ⓚ CO

ⓖ N_2O ● O_3

১৫২. **বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির কারণ কোনটি?** (অনুধাবন)

ⓚ ভূমিকম্প ● ওজোনস্তর ক্ষয়

ⓖ অত্যধিক খরা ⓖ প্রাকৃতিক দুর্যোগ

১৫৩. **পৃথিবীর বায়ুমণ্ডলের ওজোনস্তরকে নষ্ট করে–** (প্রয়োগ)

i. CO_2 ও NO

ii. SO_2 ও NH_3

iii. H_2S ও P_2O_5

নিচের কোনটি সঠিক?

ⓚ i ● i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৫৪. **গ্রিন হাউজ প্রতিক্রিয়ার প্রভাবে–** (উচ্চতর দক্ষতা)

i. CO_2 তাপ বিকিরণে বাধা দেয়

ii. পৃথিবীর তাপমাত্রা বেড়ে যায়

iii. ভূপৃষ্ঠের তাপ মহাশূন্যে হারিয়ে যায়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii ● i ও ii ⓖ i, ii ও iii

১৫৫. **বায়ুমণ্ডলের তাপমাত্রা বেড়ে যাওয়ায়–** (অনুধাবন)

i. মেরু অঞ্চলের বরফ গলতে শুরু করছে

ii. সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাচ্ছে

iii. পৃথিবীর নিম্নাঞ্চল পানিতে তলিয়ে যাচ্ছে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫৮ ও ১৫৯ নং প্রশ্নের উত্তর দাও :

আজ দেশে দেশে গ্রিন হাউজ প্রভাব আলোচিত একটি বিষয়।

১৫৬. **এ বিষয়টির জন্য কোন গ্যাসটিকে প্রধানত দায়ী মনে করা হয়?** (অনুধাবন)

ক O_2 ● CO_2
গ O_3 ঘ N_2

১৫৭. এ ঘটনার ফলে– (উচ্চতর দক্ষতা)

i. পৃথিবীর তাপমাত্রা বাড়ছে
ii. সমুদ্রের পানির উচ্চতা বাড়ছে
iii. প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকছে

নিচের কোনটি সঠিক?

ক i খ ii ● i ও ii ঘ i, ii ও iii

১৫৮. উত্তর আমেরিকাসহ উন্নত দেশসমূহে খনিজ জ্বালানির সাথে কোনটি মেশানো হয়? (জ্ঞান)

● ইথাইল অ্যালকোহল খ মিথাইল অ্যালকোহল
গ পেট্রোল ঘ অকটেন

১৫৯. ফুয়েল সেলের জ্বালানি কোনগুলো? (অনুধাবন)

● মিথানল, ইথানল খ ইথানল, ফেনল
গ ইথানল, পেট্রোল ঘ অ্যালকোহল, অ্যালডিহাইড

১৬০. ব্রাজিলে খনিজ জ্বালানির সাথে শতকরা কত ভাগ ইথানল মেশানো বাধ্যতামূলক? (জ্ঞান)

● 25 খ 15
গ 10 ঘ 5

১৬১. কোন প্রক্রিয়ায় ইথানল প্রস্তুত করা হয়? (জ্ঞান)

ক পচন ● গাঁজন
গ রেচন ঘ দহন

১৬২. ইথানল কী ধরনের জ্বালানি? (জ্ঞান)

ক খনিজ খ জীবাশ্ম
● জৈব ঘ প্রাকৃতিক

১৬৩. কোনটিকে জৈব জ্বালানি বলা হয়? (অনুধাবন)

● C_2H_5OH- খ C_3H_7OH-
গ CH_3OH- ঘ CH_3OCH_3-

১৬৪. কেরোসিন, পেট্রোল, ডিজেল প্রভৃতির মতো ইথানলকে বায়ুতে পোড়ালে কী উৎপন্ন হয়? (প্রয়োগ)

ক আলো ● তাপ
গ বিদ্যুৎ ঘ শব্দ

১৬৫. আমেরিকার সকল মোটরগাড়ি খনিজ জ্বালানির সাথে শতকরা কত ভাগ ইথানল মিশ্রিত করে রাস্তায় চলাচল করছে? (জ্ঞান)

ক 25% খ 15%
গ 20% ● 10%

১৬৬. আলু, ভুট্টা, ইক্ষু প্রভৃতি থেকে গাঁজন প্রক্রিয়ার মাধ্যমে উৎপন্ন করা যায়– (প্রয়োগ)

● ইথানল খ মিথানল
গ খনিজ তেল ঘ জীবাশ্ম জ্বালানি

১৬৭. ইথানলকে জৈব জ্বালানি বলা হয় কেন? (উচ্চতর দক্ষতা)

ক প্রাকৃতিক খনিজ উৎস থেকে উৎপাদন করা যায় বলে
খ বায়ুর CO_2 উৎপাদনে ব্যবহৃত হয় বলে
● শ্বেতসার জাতীয় শস্যদানা থেকে উৎপন্ন করা যায় বলে
ঘ প্রকৃতি থেকে সহজে আহরিত হয় বলে

১৬৮. C_2H_5OH যৌগটি– (প্রয়োগ)

i. পোড়ালে তাপ সৃষ্টি হয়

ii. দাহ্য তরল রাসায়নিক পদার্থ

iii. ফুয়েল সেলের জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ● i, ii ও iii

১৬৯. ইথানল উৎপাদন করা যায়– (প্রয়োগ)

i. আলু, ভুট্টা, ইক্ষু থেকে

ii. উদ্ভিজ্জ সেলুলোজ থেকে

iii. অজৈব যৌগ থেকে

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের সমীকরণটি লৰ কর এবং ১৭২ ও ১৭৩ নং প্রশ্নের উত্তর দাও :

শ্বেতসার $\xrightarrow{\text{গাঁজন}}$ X (তরল)

১৭০. X যৌগের নাম কী? (প্রয়োগ)

ক মিথানল খ মিথেন

● ইথানল ঘ ইথেন

১৭১. X যৌগটি– (উচ্চতর দক্ষতা)

i. জৈব জ্বালানি

ii. সেলুলোজ থেকে উৎপাদন সম্ভব নয়

iii. দহনে CO_2 ও H_2O উৎপন্ন করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii ● i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১৭২. ভোলটায়িক কোষে জারণ–বিজারণ কীরূ প? (অনুধাবন)

ক বিদ্যুৎশক্তি দ্বারা প্রভাবিত ● স্বতঃস্ফূর্ত

গ যান্ত্রিক শক্তি দ্বারা প্রভাবিত ঘ অসম্ভব

১৭৩. তড়িৎরাসায়নিক কোষে কোন শক্তিকে কোন শক্তিতে রূ পান্তরিত করা হয়? (অনুধাবন)

● রাসায়নিক, বিদ্যুৎ খ বিদ্যুৎ, রাসায়নিক

গ বিদ্যুৎ, যান্ত্রিক ঘ রাসায়নিক, যান্ত্রিক

১৭৪. তড়িৎরাসায়নিক কোষের অংশ কোনটি? (অনুধাবন)

ক লবণ খ তড়িৎ সেতু

● লবণ–সেতু ঘ তড়িৎ বিশ্লেষণ

১৭৫. তড়িৎ কুপরিবাহী কোনটি? (অনুধাবন)

ক গলিত লবণ খ লবণের দ্রবণ

● শুষ্ক লবণ ঘ তরল দ্রাবকে দ্রবীভূত লবণ

১৭৬. গ্যালভানিক কোষ কী নামে পরিচিত? (জ্ঞান)

● ভোলটায়িক কোষ খ রাসায়নিক কোষ

ⓖ ইলেকট্রনিক কোষ ⓘ ফুয়েল কোষ

১৭৭. কোন বিক্রিয়ায় রাসায়নিক শক্তিকে তাপশক্তিতে রূ পান্তরিত না করে সরাসরি বিদ্যুৎশক্তিতে পরিণত করা যায়? (অনুধাবন)

ⓚ অধঃক্ষেপণ বিক্রিয়া ⓛ প্রশমন বিক্রিয়া

ⓜ বিয়োজন বিক্রিয়া ● জারণ–বিজারণ বিক্রিয়া

১৭৮. যে কোষে তড়িৎশক্তি ব্যবহার করে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত করা হয় তাকে কী বলে? (জ্ঞান)

ⓚ তড়িৎরাসায়নিক কোষ ⓛ গ্যালভানিক কোষ

ⓜ ড্যানিয়াল কোষ ● তড়িৎ বিশ্লেষণ কোষ

১৭৯. ভোল্টা কত খ্রিষ্টাব্দে দেখান যে জারণ–বিজারণ বিক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎ উৎপন্ন করা যায়? (প্রয়োগ)

ⓚ 1795 ⓛ 1790

● 1800 ⓘ 1805

১৮০. যে কোষে তড়িৎ বিশেরষণ করা হয় তাকে কী বলা হয়?(জ্ঞান)

● তড়িৎ বিশ্লেষ্য কোষ ⓛ তড়িৎদ্বার

ⓜ তড়িৎ বিশ্লেষণ ⓘ অ্যানোড

১৮১. যেসব যৌগ বিগলিত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে এবং রাসায়নিক পরিবর্তন ঘটায় তাদের কী বলা হয়? (জ্ঞান)

ⓚ তড়িৎ বিশ্লেষণ ● তড়িৎ বিশ্লেষ্য

ⓜ তড়িৎ দ্বার ⓘ গ্যালভানোমিটার

১৮২. তড়িৎ বিশেরষণ মূলত কী? (অনুধাবন)

ⓚ জারণ প্রক্রিয়া ⓛ বিজারণ প্রক্রিয়া

● জারণ–বিজারণ প্রক্রিয়া ⓘ নন–রেডক্স বিক্রিয়া

১৮৩. রাসায়নিক শক্তি ⟶ বিদ্যুৎ শক্তি; রূ পান্তরটি–(অনুধাবন)

i. সর্বপ্রথম গ্যালভানি ও ভোল্টা আবিষ্কার করেন

ii. জারণ–বিজারণ বিক্রিয়ার মাধ্যমে ঘটে

iii. তড়িৎ বিশ্লেষণ কোষে ঘটে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

১৮৪. তড়িৎরাসায়নিক কোষ গঠিত হয়– (প্রয়োগ)

i. তড়িৎদ্বার ও লবণ–সেতু নিয়ে

ii. তড়িৎ বিশ্লেষ্য দ্রবণ নিয়ে

iii. ইথানল ও মিথানল জ্বালানি নিয়ে

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদ পড় এবং ১৮৭ ও ১৮৮ নং প্রশ্নের উত্তর দাও :

যে ব্যবস্থায় রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি পাওয়া যায় সেই ব্যবস্থাকে তড়িৎ রাসায়নিক কোষ বলে।

১৮৫. উদ্দীপকের কোষটি প্রথম কে আবিষ্কার করেন? (অনুধাবন)

● গ্যালভানি ⓛ ভোল্টা

ⓜ ল্যাকলেন্স ⓘ ফ্যারাডে

১৮৬. এ ধরনের কোষে– (উচ্চতর দক্ষতা)

i. ইলেকট্রনের আদান–প্রদান ঘটে

ii. জারণ–বিজারণ বিক্রিয়া সংঘটিত হয়

iii. স্থায়ী বিদ্যুৎ প্রবাহ সৃষ্টি করা যায়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

১৮৭. **বিগলিত অবস্থায় তড়িৎ বিশেরষ্যের মধ্য দিয়ে বিদ্যুৎ পরিবহনের সময় সেই যৌগের বিযোজন বা রাসায়নিক পরিবর্তনকে কী বলে?** (জ্ঞান)

ক তড়িৎ বিশ্লেষ্য ● তড়িৎবিশ্লেষণ
গ পরিবহন ঘ অন্তরক

১৮৮. **যেসব যৌগ দ্রবণে বা বিগলিত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে না তাদেরকে কী বলে?** (জ্ঞান)

ক তড়িৎ বিশ্লেষ্য ● তড়িৎ অবিশ্লেষ্য
গ তড়িৎ বিশ্লেষণ ঘ তড়িৎদ্বার

১৮৯. **যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে তাদের কী বলে?** (জ্ঞান)

● বিদ্যুৎ পরিবাহী খ বিদ্যুৎ কুপরিবাহী
গ তড়িৎ বিশ্লেষ্য ঘ অন্তরক

১৯০. **তড়িৎ বিশেরষণের সময় দ্রবীভূত তড়িৎবিশেরষ্যের মধ্যে দুটি ইলেকট্রনীয় পরিবাহী প্রবেশ করাতে হয় তাদেরকে কী বলে?** (জ্ঞান)

ক ধনাত্মক তড়িৎ খ ঋণাত্মক তড়িৎ
● তড়িৎদ্বার ঘ অ্যামিটার

১৯১. **কোনটি বিদ্যুৎ পরিবাহী হিসেবে কাজ করে?** (অনুধাবন)

● গ্রাফাইট খ বিশুদ্ধ পানি
গ কয়লা ঘ অ্যালুমিনিয়াম

১৯২. **যে তড়িৎদ্বার ঋণাত্মক প্রান্তের সাথে যুক্ত থাকে তাকে কী বলে?** (জ্ঞান)

ক অ্যানোড ● ক্যাথোড
গ সংযোগকারী তার ঘ তড়িৎদ্বার

১৯৩. **ধনাত্মক আয়নসমূহ ক্যাথোড কর্তৃক আকৃষ্ট হলে তাদের কী বলা হয়?** (জ্ঞান)

ক অ্যানায়ন ● ক্যাটায়ন
গ তড়িৎবিশ্লেষ্য কোষ ঘ তড়িৎদ্বার

১৯৪. **বিদ্যুৎ পরিবহনের কৌশলের ওপর ভিত্তি করে পরিবাহীকে কত ভাগে ভাগ করা যায়?** (জ্ঞান)

● দুই খ তিন
গ চার ঘ পাঁচ

১৯৫. **বাইরের বিদ্যুৎ উৎসের ধনাত্মক প্রান্তের সাথে যুক্ত তড়িৎদ্বারকে কী বলে?** (জ্ঞান)

ক ক্যাথোড খ অ্যানায়ন
● অ্যানোড ঘ ক্যাটায়ন

১৯৬. **তড়িৎ বিশেরষ্য কোষে অ্যানোড ও ক্যাথোড তড়িৎদ্বার হিসেবে যে ধাতব দণ্ড ব্যবহার করা হয় তা কী হিসেবে কাজ করে?** (জ্ঞান)

ক অ্যানায়ন সৃষ্টিকারী খ ক্যাটায়ন সৃষ্টিকারী
গ ধাতু পরিবাহী ● ইলেকট্রন পরিবাহী

১৯৭. **তড়িৎ রাসায়নিক কোষে তড়িদ্বারের সংখ্যা কতটি?** (জ্ঞান)

● 2 খ 3
গ 4 ঘ 5

১৯৮. **অ্যানোডের ৰেত্রে কোনটি প্রযোজ্য?** (অনুধাবন)

ক অ্যানোডে বিজারণ ঘটে খ অ্যানোড ধনাত্মক তড়িৎদ্বার
গ অ্যানোড ঋণাত্মক তড়িৎদ্বার ● অ্যানোডে জারণ ঘটে

১৯৯. **কোষ বিক্রিয়া কোন ধরনের বিক্রিয়া?** (অনুধাবন)

● জারণ–বিজারণ বিক্রিয়া খ সংশ্লেষণ বিক্রিয়া
গ বিশ্লেষণ বিক্রিয়া ঘ প্রতিস্থাপন বিক্রিয়া

২০০. **ক্যাথোডকে কী বলে?** (অনুধাবন)

ক ধনাত্মক তড়িৎদ্বার খ নিরপেক্ষ তড়িৎদ্বার

● ঋণাত্মক তড়িৎদ্বার ঘ অ্যামিটার

২০১. **তড়িৎ বিশেরষ্য কোষ কাকে বলে?** (অনুধাবন)

ক যে পাত্রে তড়িৎ চালনা করা হয়

খ যে পাত্রে বিদ্যুৎ পাওয়া যায়

● যে পাত্রে তড়িৎ বিশ্লেষণ চালানো হয়

ঘ যে পাত্রে তড়িৎ সংশ্লেষণ করা হয়

২০২. **$Ag | Ag^+(aq)$ তড়িৎদ্বারটির বিক্রিয়া কোনটি?**(অনুধাবন)

ক $Ag^+(aq) \rightleftharpoons Ag(s)$ খ $Ag(s) \rightleftharpoons Ag^+(aq)$

● $Ag(s) \rightleftharpoons Ag^+(aq) + e^-$ ঘ $Ag^+(aq) + e^- \rightleftharpoons Ag(s)$

২০৩. **ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বারের উদাহরণ কোনটি?**(অনুধাবন)

● $Cu | Cu^{2+}(aq)$ খ $Cu^{2+}(aq) | Cu$

গ $Cu | Cu^+(aq)$ ঘ $Cu^+(aq) | Cu$

২০৪. **নিচের কোনটি তড়িৎ বিশেরষ্য?** (অনুধাবন)

ক কার্বোহাইড্রেট ● লবণ

গ সুক্রোজ ঘ গ্লুকোজ

২০৫. **তড়িৎ বিশেরষ্য পদার্থের আয়নসমূহ কোন অবস্থায় স্বাধীনভাবে বিচরণ করে?** (জ্ঞান)

ক কঠিন অবস্থায় খ কেলাসিত অবস্থায়

গ অকেলাসিত অবস্থায় ● গলিত অবস্থায়

২০৬. **কোন কোষে অ্যানোড ও ক্যাথোড হিসেবে ভিন্ন ধাতব দণ্ড ব্যবহার করা হয়?** (অনুধাবন)

● গ্যালভানিক কোষে খ তড়িৎ বিশ্লেষ্য কোষে

গ জারণ বিক্রিয়ায় ঘ বিজারণ বিক্রিয়ায়

২০৭. **তড়িৎ বিশেরষণের সময় অ্যানোড কী?** (প্রয়োগ)

● জারণ তড়িৎদ্বার খ বিজারণ তড়িৎদ্বার

গ নিরপেক্ষ তড়িৎদ্বার ঘ কঠিন অবস্থায় থাকে

২০৮. **তড়িৎ বিশেরষণ জারণ–বিজারণ প্রক্রিয়া কেন?**(উচ্চতর দক্ষতা)

ক এতে সহজে বিজারণ ঘটে

খ এতে ইলেকট্রন গ্রহণ হয়

গ এতে ইলেকট্রন প্রদান হয়

● এতে সরাসরি ইলেকট্রন আদান–প্রদান হয়

২০৯. **$Zn | Zn^{2+}$ (aq) এটি কী ধরনের অর্ধকোষ?** (জ্ঞান)

● ধাতু/ধাতব আয়ন অর্ধকোষ খ জারণ–বিজারণ অর্ধকোষ

গ অ্যানোড অর্ধকোষ ঘ ধাতব আয়ন অর্ধকোষ

২১০. **ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার বিক্রিয়া কী প্রকৃতির হয়ে থাকে?** (জ্ঞান)

ক একমুখী ● উভমুখী

গ একমুখী বা উভমুখী ঘ আয়নিক

২১১. **তড়িৎ রাসায়নিক কোষে কী সংঘটিত হয়?** (উচ্চতর দক্ষতা)

ক তড়িৎশক্তি রাসায়নিক শক্তিতে পরিণত হয়

● রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে পরিণত হয়

গ যান্ত্রিক শক্তি তড়িৎ শক্তিতে পরিণত হয়

ঘ তড়িৎ শক্তি তাপ শক্তিতে পরিণত হয়

২১২. **যে তড়িৎদ্বার দিয়ে ইলেকট্রন দ্রবণে প্রবেশ করে তাকে কী বলা হয়?** (জ্ঞান)

ক অ্যানোড ● ক্যাথোড
গ ধনাত্মক তড়িৎদ্বার ঘ পরিবাহী তড়িৎদ্বার

২১৩. তড়িৎবিশ্লেষ্য কোষে অ্যানোড ও ক্যাথোড তড়িৎদ্বার হিসেবে কী ব্যবহার করা হয়? (জ্ঞান)

ক ক্লোরাইড দন্ড খ সোডিয়াম দন্ড
গ প্লাটিনাম দন্ড ● গ্রাফাইট দন্ড

২১৪. তড়িৎ রাসায়নিক কোষে কেন তড়িৎ প্রবাহের সৃষ্টি হয়?(উচ্চতর দক্ষতা)

ক অর্ধকোষ বিক্রিয়ার ফলে খ বিশ্লেষণ বিক্রিয়ার ফলে
● জারণ–বিজারণ বিক্রিয়ার ফলে ঘ অন্য কোনো কারণে

২১৫. ধাতুসমূহ কোন ধরনের পরিবাহী? (অনুধাবন)

ক অর্ধপরিবাহী ● ইলেকট্রনিক পরিবাহী
গ আয়নিক পরিবাহী ঘ কুপরিবাহী

২১৬. ক্যাথোডে কী বিক্রিয়া সংঘটিত হয়? (জ্ঞান)

● বিজারণ খ জারণ
গ বিশ্লেষণ ঘ পলিমারকরণ

২১৭. অ্যানোডে কী বিক্রিয়া সংঘটিত হয়? (জ্ঞান)

ক বিজারণ ● জারণ
গ প্রতিস্থাপন ঘ সংশ্লেষণ

২১৮. তড়িৎ রাসায়নিক বিক্রিয়ায় যে তড়িৎদ্বার তড়িৎবিশ্লেষ্য পদার্থকে ইলেকট্রন প্রদান করে তাকে কী বলে? (জ্ঞান)

ক অ্যানোড খ ক্যাটায়ন
গ অ্যানায়ন ● ক্যাথোড

২১৯. $Ag/Ag^{+}_{(aq)}$ তড়িৎদ্বার– (প্রয়োগ)

i. ইলেকট্রনিক পরিবাহী
ii. অধাতব বিদ্যুৎ পরিবাহী পদার্থ
iii. জারণ বিক্রিয়া নির্দেশ করছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২০. $Zn/Zn^{++}_{(aq)}$ তড়িৎদ্বারে– (প্রয়োগ)

i. জারণ বিক্রিয়া সম্পন্ন হয়
ii. ক্যাটায়ন কর্তৃক ইলেকট্রন গৃহীত হয়
iii. ধাতব দন্ড ইলেকট্রন ত্যাগ করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২১. তড়িৎবিশ্লেষ্য কোষের ক্যাথোড তড়িৎদ্বারে– (অনুধাবন)

i. বিজারণ বিক্রিয়ায় সম্পন্ন হয়
ii. দ্রবণের ক্যাটায়ন ইলেকট্রন গ্রহণ করে
iii. দ্রবণের অ্যানায়নের ইলেকট্রন ধাতব দন্ডে স্থানান্তরিত হয়

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২২. তড়িৎবিশ্লেষ্য কোষে– (অনুধাবন)

i. ব্যাটারির ধনাত্মক প্রান্ত অ্যানোডের সাথে যুক্ত থাকে

ii. ধাতব দন্ড ইলেকট্রন পরিবাহীর কাজ করে

iii. অ্যানোড ও ক্যাথোড হিসেবে ধাতব দন্ড ব্যবহার করা হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ২২৫ ও ২২৬ নং প্রশ্নের উত্তর দাও :



২২৩. উদ্দীপকের কোষটির নাম কী? (অনুধাবন)

ক ইলেকট্রনিক কোষ খ গ্যালভানিক কোষ

গ শুষ্ক কোষ ● তড়িৎ বিশ্লেষ্য কোষ

২২৪. উদ্দীপকের কোষটিতে– (প্রয়োগ)

i. X দন্ডটি অ্যানোড

ii. Y দন্ডে বিজারণ ঘটে

iii. লবণের দ্রবণ ব্যবহার করা হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২২৫. গ্যালভানিক কোষে ক্যাথোড হিসেবে কী ব্যবহৃত হয়? (জ্ঞান)

ক অধাতব পদার্থ

● কম সক্রিয় ধাতব তড়িৎদ্বার

গ ইচ্ছেমতো ক্যাথোড নির্বাচন করা যায়

ঘ অন্তরক পদার্থ

২২৬. গ্যালভানিক কোষে জিংক দন্ড কোন জলীয় দ্রবণে ডুবানো থাকে? (জ্ঞান)

ক $CuSO_4$ ● $ZnSO_4$

গ NaCl ঘ $FeSO_4$

২২৭. ড্যানিয়াল কোষে ক্যাথোড হিসেবে কী তড়িৎদ্বার ব্যবহৃত হয়? (জ্ঞান)

● কপার দন্ড খ জিঙ্ক দন্ড

গ সিলভার দন্ড ঘ গ্রাফাইট দন্ড

২২৮. $Zn \mid Zn^{2+} \| Cu^{2+} \mid Cu$ কোষে কী ঘটে?(উচ্চতর দক্ষতা)

ক কপার তড়িৎদ্বার ক্রমশ ক্ষয়প্রাপ্ত হয়

খ জিংক তড়িৎদ্বারের ভর বাড়তে থাকে

● কপার তড়িৎদ্বারের ভর বাড়তে থাকে

ঘ কপার ও জিংক তড়িৎদ্বারের ভর অপরিবর্তিত থাকে

২২৯. $Zn \mid Zn^{2+} \| Cu^{2+} \mid Cu$ কোষে সময়ের সাথে সাথে কী ঘটে? (উচ্চতর দক্ষতা)

ক অ্যানোড পাত্রে Zn^{2+} এর ঘনমাত্রা কমে

খ ক্যাথোড পাত্রে Zn^{2+} এর ঘনমাত্রা কমে

গ ক্যাথোড পাত্রে Cu^{2+} এর ঘনমাত্রা বাড়ে

● ক্যাথোড পাত্রে Cu^{2+} এর ঘনমাত্রা কমে

২৩০. ড্যানিয়াল কোষে অ্যানোড হিসেবে কোনটি ব্যবহার করা হয়? (প্রয়োগ)

ক Ag/Ag^{+} খ Cu/Cu^{2+}

● Zn/Zn^{2+} ঘ Sn/Sn^{2+}

২৩১. ড্যানিয়াল কোষে পাত্রদ্বয়ের মধ্যে সংযোগ স্থাপনের জন্য নিষ্ক্রিয় তড়িৎ বিশেরষ্য হিসেবে কোনটি ব্যবহার করা হয়? (অনুধাবন)

ক NaCl ● KCl

গ $CuCl_2$ ঘ $ZnCl_2$

২৩২. গ্যালভানিক কোষ সম্পর্কে সঠিক উক্তি কোনটি?(উচ্চতর দক্ষতা)

ক Zn ইলেকট্রোড ক্যাথোড

খ Cu ইলেকট্রোডে জারণ ঘটে

গ $Zn^{2+}_{(aq)} + Cu(s) \rightarrow Zn(s) + Cu^{2+}(aq)$ বিক্রিয়াটি স্বতঃস্ফূর্ত

● Zn ইলেকট্রোড থেকে Cu ইলেকট্রোডে ইলেকট্রন প্রবাহিত হয়

২৩৩. $Zn(s) + Cu^{2+}(aq) \rightarrow Zn^{2+}(aq) + Cu(s)$ বিক্রিয়াটি যে কোষে সংঘটিত হয় সে কোষটির কোষ ডায়াগ্রাম কোনটি? (উচ্চতর দক্ষতা)

ক $Zn(s) \mid Cu^{2+}(aq) \parallel Zn^{2+} \mid Cu(s)$

● $Zn(s) \mid Zn^{2+}(aq) \parallel Cu^{2+}(aq) \mid Cu(s)$

গ $Zn(s) \mid Cu^{2+}(aq) \parallel Zn^{2+}(s) \mid Cu(aq)$

ঘ $Zn(s) \mid Zn^{2+}(aq) \parallel Cu^{2+}(aq) \mid Cu(s)$

২৩৪. কোষ বিক্রিয়ায় দুটি খাড়া লাইন ($\parallel$) দ্বারা কী বোঝায়?(অনুধাবন)

ক অ্যানোড অর্ধকোষ খ ক্যাথোড অর্ধকোষ

● লবণ সেতু ঘ গ্যাস অর্ধকোষ

২৩৫. যে তড়িৎ রাসায়নিক কোষে তড়িৎদ্বার বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে এবং রাসায়নিক শক্তি বিদ্যুৎশক্তিতে পরিণত হয় তাকে কী বলে? (জ্ঞান)

● গ্যালভানিক কোষ খ লবণ দন্ড

গ তড়িৎ কোষ ঘ রাসায়নিক কোষ

২৩৬. ড্যানিয়াল কোষে ক্যাথোড হিসেবে $Cu \mid Cu^{2+}(aq)$ ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার ও অ্যানোড হিসেবে $Zn \mid Zn^{2+}(aq)$ ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার নিলে ক্যাথোডে কী বিক্রিয়া ঘটে?(উচ্চতর দক্ষতা)

● $Cu^{2+}(aq) + 2e^{-} \rightarrow Cu(s)$

খ $Zn(s) \rightarrow Zn^{2+}(aq) + 2e^{-}$

গ $Zn(s) + Cu^{2+}(aq) \rightarrow Zn^{2+}(aq) + Cu(s)$

ঘ $Zn^{2+}(aq) \rightarrow Zn(s) + 2e^{-}$

২৩৭. ড্যানিয়াল সেলে ঋণাত্মক প্রান্ত কোনটি? (অনুধাবন)

ক জিংক দন্ড ● কপার দন্ড

গ কার্বন দন্ড ঘ কপার সালফেট দ্রবণ

২৩৮.

$Zn \mid Zn^{2+}_{(aq)} \parallel Cu^{2+}_{(aq)} \mid Cu$ কোষে– (উচ্চতর দক্ষতা)

i. তড়িৎদ্বার বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে

ii. রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হয়

iii. অ্যানোড হিসেবে $Cu/Cu^{2+}_{(aq)}$ তড়িৎদ্বার ব্যবহার করা হয়

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৩৯. একটি গ্যালভানিক কোষে– (প্রয়োগ)

i. ক্যাথোড হিসেবে $Cu|Cu^{2+}(aq)$ ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার ব্যবহৃত হয়

ii. অ্যানোড হিসেবে $Zn|Zn^{2+}(aq)$ ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার ব্যবহৃত হয়

iii. জারণ–বিজারণ বিক্রিয়ায় ইলেকট্রন আদান–প্রদান ঘটে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ২৪২ ও ২৪৩ নং প্রশ্নের উত্তর দাও :



২৪০. উদ্দীপকের কোত্রে– (উচ্চতর দক্ষতা)

i. অ্যানোড পাত্রে Zn^{2+} আয়নের আধিক্য হয়

ii. ক্যাথোড পাত্রে $Cu^{2+}(aq)$ আয়নের ঘাটতি হয়

iii. $Cu|Cu^{2+}(aq)$ ক্যাথোড হিসেবে কাজ করে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২৪১. উদ্দীপকের উল্টা U আকৃতির টিউবে নিচের কোনটি থাকে? (অনুধাবন)

ⓚ $CuSO_4$ ⓚ $ZnSO_4$
ⓖ NaCl ● KCl

২৪২. ড্রাইসেলের অ্যানোড হিসেবে কোনটি ব্যবহার করা হয়? (অনুধাবন)

● Zn ⓚ Cu
ⓖ MnO_2 ⓘ NH_4Cl

২৪৩. ড্রাইসেলের অ্যানোডে কী তড়িৎবিশ্লেষ্য দ্রব দ্বারা পূর্ণ থাকে? (অনুধাবন)

ⓚ MnO_2 ⓚ $MnCl_2$
ⓖ $ZnCl_2$ ● $NH_4Cl + ZnCl_2$

২৪৪. ড্রাইসেলের ক্যাথোড হিসেবে কী ব্যবহার করা হয়? (অনুধাবন)

ⓚ MnO_2 ● C
ⓖ NH_4Cl ⓘ $ZnCl_2$

২৪৫. ড্রাইসেলের ক্যাথোডে কোন পদার্থের আবরণ থাকে? (জ্ঞান)

● MnO_2 ⓚ $MnCl_2$
ⓖ NH_4Cl ⓘ $ZnCl_2$

২৪৬. ড্রাইসেলের জিংক দণ্ড জারিত হয়ে কয়টি ইলেকট্রন উৎপন্ন করে? (জ্ঞান)

● 2 ⓚ 3
ⓖ 4 ⓘ 5

২৪৭. ড্রাইসেলে জারিত হয় কোনটি? (অনুধাবন)

ⓚ C ● Zn

গ MnO_2 ঘ $NH_4Cl + ZnCl_2$

২৪৮. কোনটি সর্বাধিক পরিচিত ড্রাইসেল? (অনুধাবন)

● লেকলেন্স সেল খ লেড সঞ্চয়ক সেল

গ অ্যালকালি সঞ্চয়ক সেল ঘ ক্রোমিয়াম সঞ্চয়ক সেল

২৪৯. ড্রাইসেলে কী ধরনের ইলেকট্রোলাইট ব্যবহার করা হয়?(জ্ঞান)

ক MnO_2 ● NH_4Cl ও $ZnCl_2$

গ NH_4Cl ঘ $ZnCl_2$

২৫০. ড্রাইসেলে MnO_2 কেন ব্যবহার করা হয়? (উচ্চতর দক্ষতা)

ক অ্যানোড হিসেবে ● কোষকে পোলারন ক্রিয়া মুক্ত রাখতে

গ ইলেকট্রোলাইট হিসেবে ঘ ইলেকট্রোলাইটের মাত্রা বাড়াতে

২৫১. কিছুদিন ব্যবহারের পর ড্রাইসেল থেকে এক ধরনের তরল পদার্থ বেরিয়ে আসে কেন? (উচ্চতর দক্ষতা)

ক বায়ুতে এর পাত্র ক্ষয় হয় বলে

খ ভেতরে এসিড উৎপন্ন হয় বলে

● ব্যাটারির অ্যানোড জারিত হয় বলে

ঘ ধুলাবালি জমা হওয়ার কারণে

২৫২. ড্রাইসেলে কেন বিদ্যুৎ প্রবাহের সৃষ্টি হয়? (উচ্চতর দক্ষতা)

ক জারণ বিক্রিয়ার কারণে খ বিজারণ বিক্রিয়ার কারণে

গ তড়িৎ বিশ্লেষ্য পদার্থের কারণে● জারণ–বিজারণ বিক্রিয়ার কারণে

২৫৩. ড্রাইসেলে ইলেকট্রন আদান–প্রদানের কৌশল–(উচ্চতর দক্ষতা)

i. অ্যানোড বিক্রিয়া $Zn(s) \rightarrow Zn^{2+}(aq)+2e^-$

ii. ক্যাথোড বিক্রিয়া $2NH_4^+(aq) + 2MnO_2(s) + 2e^- \rightarrow 2NH_3(aq) + Mn_2O_3(s) + H_2O(l)$

iii. ড্রাইসেল থেকে 1.5 ভোল্ট তড়িৎ বিভব পাওয়া যায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৫৪. ড্রাইসেলে ব্যবহৃত হয়– (অনুধাবন)

i. অ্যানোড হিসেবে জিংকের তৈরি কৌটা

ii. ক্যাথোড হিসেবে কার্বন দন্ড

iii. তড়িৎ বিশ্লেষ্য দ্রব হিসেবে MnO_2 ও স্টার্চ

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৫৭ ও ২৫৮ নং প্রশ্নের উত্তর দাও :

ড্রাইসেল আমরা সাধারণত টর্চলাইট জ্বালাতে, রেডিও বাজাতে, টিভির রিমোট চালাতে এবং বাচ্চাদের খেলনা চালাতে ব্যবহার করি।

২৫৫. উদ্দীপকের সেলে ক্যাথোডে কিসের আবরণ দেওয়া থাকে?(অনুধাবন)

ক Al_2O_3 ● MnO_2 গ PbO_2 ঘ ZnO_2

২৫৬. উদ্দীপকের সেলটির ক্ষেত্রে– (উচ্চতর দক্ষতা)

i. ক্যাথোডে অবস্থিত MnO_2 ইলেকট্রন গ্রহণ করে বিজারিত হয়

ii. অ্যানোডে Zn দন্ড ইলেকট্রন ত্যাগ করে জারিত হয়

iii. তড়িৎ বিশ্লেষ্য হিসেবে NH_4Cl, $ZnCl_2$ ও স্টার্চের পেস্ট ব্যবহার করা হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৫৭. মারকারি কোষে কোন ভারী ধাতব যৌগ ব্যবহৃত হয়?(অনুধাবন)

● Hg_2O খ HgO

গ Hg_2O_2 ঘ HgO_2

২৫৮. **লিথিয়াম ব্যাটারিতে কোন ভারী ধাতব যৌগ ব্যবহার হয় যা বিষাক্ত ও ক্যান্সার সৃষ্টিকারী হিসেবে পরিচিত?** (অনুধাবন)

ক CoO ● CoO_2

গ PbO_2 ঘ MnO_2

২৫৯. **ব্যাটারিতে ব্যবহৃত বিষাক্ত ধাতু ও ধাতব যৌগসমূহ মানবদেহের খাদ্য শিকলে প্রবেশ করে কোন রোগ সৃষ্টি করতে পারে?** (জ্ঞান)

ক জন্ডিস খ টাইফয়েড

গ ব্রঙ্কাইটিস ● ক্যান্সার

২৬০. **ড্রাইসেলে নিচের কোন ধাতব অক্সাইড ব্যবহার হয় যা মাটি ও পানি দূষণে ভূমিকা রাখে?** (অনুধাবন)

● MnO_2 খ PbO_2

গ CoO_2 ঘ Hg_2O

২৬১. **লেড–স্টোরেজ ব্যাটারি কী ধরনের ভারী ধাতু ও ধাতব যৌগ দিয়ে তৈরি হয়?** (অনুধাবন)

ক Zn ও MnO_2 ● Pb ও PbO_2

গ Zn ও Hg_2O ঘ C ও CoO_2

২৬২. **ব্যাটারিতে ব্যবহৃত ধাতব পদার্থ যত্রতত্র ফেলা উচিত নয় কেন?**(উচ্চতর দক্ষতা)

i. এগুলো জলজ প্রাণী ও উদ্দিদ দেহের ক্ষতিসাধন করে

ii. এগুলো মাটিতে মিশে ফসলের দ্বারা আমাদের খাদ্য শিকলে আসে

iii. এগুলো স্বাস্থ্য ও পরিবেশে সহায়ক ভূমিকা রাখে

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬৩. **ব্যাটারিতে ব্যবহৃত ভারী ধাতু ও ধাতব যৌগসমূহ–**(অনুধাবন)

i. বিষাক্ত

ii. ক্যান্সার সৃষ্টিকারী

iii. পুনরুদ্ধার করে ব্যবহার করা যায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদ পড়ে ২৬৬ ও ২৬৭নং প্রশ্নের উত্তর দাও :

স্বাস্থ্য ও পরিবেশের উপর লিথিয়াম ব্যাটারিতে ব্যবহৃত ভারী ধাতু ও ধাতব যৌগসমূহ ক্ষতিকর প্রভাব ফেলে।

২৬৪. **উলিরখিত ব্যাটারিতে ব্যবহৃত কোন ধাতব যৌগ পরিবেশে ৰতিকর প্রভাব ফেলে?** (অনুধাবন)

ক MnO_2 খ Hg_2O

গ PbO_2 ● CoO_2

২৬৫. **মানব স্বাস্থ্যের ওপর উক্ত ব্যাটারিতে ব্যবহৃত ধাতব যৌগের প্রভাব–** (উচ্চতর দক্ষতা)

i. ক্যান্সার সৃষ্টিকারী

ii. খাদ্য শিকলের ভারসাম্যে বিঘ্ন ঘটায়

iii. পানিবাহিত রোগে আক্রান্ত হয়

নিচের কোনটি সঠিক?

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬৬. **ইলেকট্রোপেরটিং প্রক্রিয়াটি কী?** (অনুধাবন)

ক তড়িৎ বিশ্লেষণ

খ গ্যালভানি কোষে সংঘটিত বিক্রিয়া

● তড়িৎ বিশ্লেষণ কোষের মাধ্যমে তড়িৎ প্রলেপন

ঘ অ্যানোডের ক্ষয়প্রাপ্ত হওয়া

২৬৭. **তড়িৎ বিশেরষ্য কোষে কী হয়?** (অনুধাবন)

● বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়

খ) বিদ্যুৎ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়
গ) রাসায়নিক শক্তি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হয়
ঘ) রাসায়নিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়

২৬৮. **বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূ পান্তরিত হয় কোথায়?**(অনুধাবন)
ক) গ্যালভানিক কোষে ● তড়িৎ বিশ্লেষ্য কোষে
গ) ড্যানিয়াল কোষে ঘ) ড্রাইসেলে

২৬৯. **যে কোষে বিদ্যুৎশক্তিকে ব্যবহার করে তড়িৎদ্বারে বিক্রিয়া সংঘটিত হয় তাকে কী বলে?**(জ্ঞান)
ক) লেকল্যান্স কোষে খ) গ্যালভানিক কোষে
গ) ড্যানিয়াল কোষে ● তড়িৎ বিশ্লেষ্য কোষ

২৭০. **Fe-এর ওপর Au এর প্রলেপ দেওয়া হয় যে কোষে, এটি–**(প্রয়োগ)
i. বিদ্যুৎ শক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে
ii.ইলেকট্রোপ্লেটিং এ ব্যবহার করা হয়
iii.ধাতু বিশোধনে ব্যবহার করা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭৩ ও ২৭৪নং প্রশ্নের উত্তর দাও:
কোনো ধাতুর তৈরি জিনিসপত্রকে সুন্দর ও আকর্ষণীয় করে তোলাই ইলেকট্রোপ্লেটিংয়ের উদ্দেশ্য।

২৭১. **উক্ত প্রক্রিয়া কী দ্বারা সম্পন্ন করা হয়?** (প্রয়োগ)
● তড়িৎ বিশ্লেষণ খ) গ্যালভানিক কোষ
খ) সংশ্লেষণ ঘ) অধঃক্ষেপণ

২৭২. **উলিরখিত প্রক্রিয়ায়–** (অনুধাবন)
i. জারণ–বিজারণ বিক্রিয়া সংঘটিত হয়
ii.ইলেকট্রনের আদান প্রদান ঘটে
iii.জারণ সংখ্যা হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭৩. **তড়িৎবিশেরষ্য কোষের গঠন কোন কোষের অনুরূ প?**(অনুধাবন)
● গ্যালভানিক কোষ খ) মারকারি কোষ
গ) লেড–স্টোরেজ কোষ ঘ) লিথিয়াম কোষ

২৭৪. **তড়িৎবিশেরষ্য কোষে বিদ্যুতের উৎস হিসেবে কী যুক্ত থাকে?** (জ্ঞান)
ক) বৈদ্যুতিক বাল্ব খ) অ্যানোড
● ব্যাটারি ঘ) ক্যাথোড

২৭৫. **দুই প্রকোষ্ঠ বিশিস্ট তড়িৎবিশেরষ্য কোষের গঠন কোনটির মতো?** (জ্ঞান)
ক) গ্যালভানিক কোষ ● ড্যানিয়াল কোষ
গ) মারকারি কোষ ঘ) লিথিয়াম কোষ

২৭৬. **সোডিয়াম ক্লোরাইড থেকে সোডিয়াম ধাতু নিষ্কাশনে কোন বিক্রিয়াটি ক্যাথোডে ঘটে?** (উচ্চতর দক্ষতা)
ক) $Cl^-(l) + e^-$ ● $2Na^+ + 2e^- \rightarrow 2Na(l)$
গ) $Cl^-(l) - e^- \rightarrow Cl$ ঘ) $NaCl(l) \rightarrow Na^+ Cl^-(l)$

২৭৭. **ঋণাত্মক চার্জযুক্ত কণাকে কী বলে?** (জ্ঞান)
ক) আয়ন ● ক্যাটায়ন
গ) অ্যানায়ন ঘ) ক্যাথোড

২৭৮. **NaCl থেকে ধাতু নিষ্কাশনে কোন বিক্রিয়াটি অ্যানোডে ঘটে?** (উচ্চতর দক্ষতা)

● $2Cl^- \rightarrow Cl_2(g)+2e^-$ ⓚ $2Na^+ + 2e^- \rightarrow 2Na(l)$

ⓖ $Cl^-(l)+e^-$ ⓘ $Cl^-(l)-e^- \rightarrow Cl$

২৭৯. **যে তড়িৎদ্বারে জারণ ঘটে তাকে কী বলা হয়?** (জ্ঞান)

ⓚ ক্যাথোড ● অ্যানোড

ⓖ ক্যাটায়ন ⓘ অ্যানায়ন

২৮০. **যে তড়িৎদ্বারে বিজারণ ঘটে তাকে কী বলে?** (জ্ঞান)

ⓚ ক্যাটায়ন ⓚ অ্যানায়ন

ⓖ অ্যানোড ● ক্যাথোড

২৮১. **নিচের কোনটি তীব্র তড়িৎবিশ্লেষ্য?** (অনুধাবন)

ⓚ NH_4OH ⓚ CH_3COOH

ⓖ CH_4 ● NaCl (গলিত)

২৮২. **যে কোষে গলিত NaCl থেকে Na ধাতু ও H_2 গ্যাস তৈরি হয়–** (উচ্চতর দক্ষতা)

i. এটি এক বা দুই প্রকোষ্ঠ বিশিষ্ট

ii. কোষে ঋণাত্মক চার্জযুক্ত আয়ন অ্যানোড দ্বারা আকৃষ্ট হয়

iii. অ্যানোডে বিজারণ ও ক্যাথোডে জারণ ঘটে

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

নিচের চিত্রটি দেখে ২৮৫ ও ২৮৬নং প্রশ্নের উত্তর দাও :



২৮৩. **উদ্দীপকের ক্ষেত্রে–** (উচ্চতর দক্ষতা)

i. অ্যানোডে উৎপন্ন পদার্থটি জীবাণুনাশক

ii. অ্যানোডে বিজারণ ঘটে

iii. ক্যাথোডে Na ধাতু জমা হয়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৮৪. **উদ্দীপকের লবণটির জলীয় দ্রবণে তড়িৎ চালনা করলে দ্রবণে কোনটি উৎপন্ন হয়?** (প্রয়োগ)

ⓚ Cl_2 ⓚ H_2 ⓖ HCl ● NaOH

২৮৫. **'গ্লুকোজ সেন্সর' এর ভেতর কোন কোষ থাকে?** (জ্ঞান)

ⓚ তড়িৎরাসায়নিক কোষ ● তড়িৎবিশ্লেষ্য কোষ

ⓖ গ্যালভানিক কোষ ⓘ লেড সঞ্চায়ক কোষ

২৮৬. **'গ্লুকোজ সেন্সরে' তড়িৎবিশ্লেষ্য কোনটি?** (জ্ঞান)

ⓚ পাতলা ধাতুর আবরণ ⓚ গ্লুকোজ

● রক্ত ⓘ হাতের চামড়া

২৮৭. **গ্লুকোজ ডিটেক্টর কীভাবে রক্তে গ্লুকোজের পরিমাণ বের করে?** (উচ্চতর দক্ষতা)

ⓚ তড়িৎবিশ্লেষ্য হিসেবে রক্ত ব্যবহার করে

ⓚ তড়িৎদ্বার হিসেবে রক্ত ব্যবহার করে

ⓖ গ্লুকোজের জারণ ঘটিয়ে

● জারণে উদ্ভূত e^- সংখ্যা নির্ণয় করে

২৮৮. **কোন কোষের মাধ্যমে পানিতে আর্সেনিকের পরিমাণ নির্ণয় করা যায়?** (জ্ঞান)

ক তড়িৎরাসায়নিক কোষ খ ভোল্টায়িক কোষ

● তড়িৎবিশ্লেষ্য কোষ ঘ ড্রাইসেল

২৮৯. **তড়িৎ বিশেরষণ কৌশল ব্যবহার করে লোহা বা রবপার উপর কোন ধাতুর প্রলেপ দেওয়া যায়?** (অনুধাবন)

● সোনা খ পটাসিয়াম

গ সোডিয়াম ঘ কপার

২৯০. **তড়িৎবিশেরষণের সাহায্যে কোনো ধাতুর উপর অন্য ধাতুর প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে কী বলা হয়?** (জ্ঞান)

● ইলেকট্রোপ্লেটিং খ ইলেকট্রোলাইট

গ ইলেকট্রোড ঘ ইলেকট্রন

২৯১. **কোনটি তড়িৎবিশেরষণের প্রয়োগের সাথে ভিন্নতা প্রকাশ করে?** (অনুধাবন)

ক আকরিক থেকে ধাতু নিষ্কাশন

খ বিদ্যুৎ শক্তির উৎপাদন (ফুয়েল সেল)

গ রাসায়নিক পদার্থের বিশ্লেষণ ও পরিশোধন

● রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি উৎপাদন

২৯২. **হাইড্রোজেন ফুয়েল সেলের সাহায্যে কী উৎপন্ন করা যায়?** (জ্ঞান)

ক H_2 গ্যাস ● বিদ্যুৎ

গ জ্বালানি ঘ তাপশক্তি

নিচের চিত্র দেখে এবং ২৯৫ ও ২৯৬নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র : তড়িৎ রাসায়নিক গ্লুকোজ সেন্সর

২৯৩. **চিত্রে কোন তড়িৎবিশেরষ্য পদার্থের উপস্থিতির মাধ্যমে রক্তের গরুকোজ নির্ণয় করা যায়?** (অনুধাবন)

● প্রোটন খ প্লেটলেট

গ থ্রম্বোসাইট ঘ ফাইব্রিনোজেন

২৯৪. **চিত্রের প্রযুক্তি ব্যবহার করে রক্তের গরুকোজের পরিমাণ নির্ণয় করতে কত সময় লাগে?** (অনুধাবন)

ক এক সেকেন্ড ● এক মিনিট

গ দশ সেকেন্ড ঘ দশ মিনিট

২৯৫. **এসিড মিশ্রিত পানির তড়িৎ বিশেরষণে হাইড্রোজেন গ্যাসের আয়তন অক্সিজেন গ্যাসের কত গুণ?** (জ্ঞান)

ক সমান ● দ্বিগুণ

গ অর্ধেক ঘ তিন গুণ

২৯৬. **এক অণু পানি উৎপন্ন হয় কীভাবে?** (অনুধাবন)

